

COMPLETE
COURSE GUIDE
IN
BENGALI

Microsoft Word



Ramakrishna Mission Shilpamandira

Vivek Web School

Belur Math

Microsoft Word শুরু করা

MS Word শুরু করার জন্য নিচের Stepগুলো একে একে ব্যবহার করুন।

- ১। (Windows-7)- প্রথম Mouse পয়েন্টার Start বাটনের উপর ক্লিক করুন। দেখুন একটি Pop Up মেনু আসবে, যেখানে নিচ থেকে যথাক্রমে All Programs এবং অন্যান্য সফটওয়্যারের নাম অথবা Log off, Turn off, Computer, Help and Support, Search, Run, ইত্যাদি লেখা থাকবে।
- ২। এরপর Pop up মেনুর উপরের দিক থেকে All programs আইকনে Click করুন। আরেকটি Drop Down মেনু আসবে। যেখানে অনেক প্রোগ্রামের নাম লেখা থাকবে। এখান থেকে Microsoft ফোল্ডারে Click করুন।
- ৩। যেখানে অনেক প্রোগ্রামের নাম লেখা থাকবে। এখান থেকে Microsoft Office ফোল্ডারে Click করুন।
- ৪। এখানেও অনেক প্রোগ্রামের নাম লেখা থাকবে এখান থেকে Microsoft Word 2007 বা Microsoft Word 2010 বা Microsoft Word 2013 এ Click করুন।




Fig. 1.1

অথবা

- ৫। (Windows-8)- আপনি Login করা মাত্র চারকোণা আইকনসহ বিভিন্ন অ্যাপ্লিকেশনে সজ্জিত নতুন Windows-8 এর Start স্ক্রীন আপনার সামনে আসবে। এখান Microsoft Word 2007 বা Microsoft Word 2010 বা Microsoft Word 2013 বাটনে ক্লিক করলে এটি শুরু হবে।



Fig. 1.2

কিছুক্ষণের মধ্যে পর্দায় MS-Word স্টার্টআপ Logo আসবে এবং শেষে MS Word এর একটি ফাঁকা স্ক্রীন আসবে।

একটি নতুন File / Document নিয়ে কাজ করা

যখনই আপনি Microsoft Word 2007 / 2010 / 2013 শুরু করবেন। আপনার সামনে একটিন নতুন Blank ডকুমেন্ট আসবে। এ অবস্থায় আপনার সামনে যে Screen দেখতে পাচ্ছেন এটা হলো Microsoft Word-এর Screen লক্ষ্য করুন Blank ডকুমেন্টের বামপাশে, উপরের দিকে একটা লম্বা দাগ জ্বলছে আর নিভছে। এটার নাম Insertion Point (ইনসার্টশন পয়েন্ট) বা কার্সর (Cursor)। এখানেই লেখা শুরু করা যায়। উল্লেখ্য কার্সর যেখানেই থাকবে লেখা শুরু করলে সেখান থেকেই লেখা হবে।

MS Word 2007-এর Screen

MS Word 2010 এর Screen




Fig. 1.3

MS Word 2013 এর Screen

Word 2013 তে সরাসরি screen না এসে Word 2013 Preview বক্সে উইজার্ড আসবে।




Fig. 1.4

এখান থেকে Blank Docuemnt উইজার্ভে ক্লিক করলে Word 2013 স্ক্রীন আসবে। এখন ফাইলে কিছু টেক্সট টাইপ করার পর, ফাইলটি My Document ফোল্ডারে RK নামে Save করতে হবে। লক্ষ্য করুন Word স্ক্রীনের উপরে বামদিকে টাইটেল বারে Microsoft Word লেখার সাথে ফাইলের নাম RK দেখা যাবে।




Fig. 1.5

এভাবে আবারও কয়েক লাইন টেক্সট টাইপ করে File > Save কমান্ড দিন। লক্ষ্য করুন, প্রথমবারের পর আর ডায়ালগ বক্স আসবে না। অর্থাৎ যতবারই সেভ করুন, ফাইলটি RK নামে সেভ হতে থাকবে। মনে রাখবেন, ডকুমেন্টে কাজ করার সময় কিছুক্ষণ পরপর ফাইলটি সেভ করতে হবে নইলে কোনো কারণে কম্পিউটার বন্ধ হয়ে গেলে শেষবার সেভ করার যে অংশটুকু টাইপ করা হয়েছে সেটুকু পাওয়া যাবে না।

কাজ করা শেষে File বাটন থেকে Save এ ক্লিক করুন। (File > Save) অথবা (Alt + F, S বা Ctrl + S)।

MS Word 2010 Screen এর সংক্ষিপ্ত বিবরণ




Fig. 1.6

Title Bar

Word Screen-এর সবচেয়ে উপরে মাঝখানে Document1-Microsoft Word লেখা বারটির নাম টাইটেল বার এর বামদিকে ৪টি বাটন (ডিফল্ট) সহ Quick Access টুলবার অবস্থিত। Microsoft Office এর সবগুলো প্রোগ্রামে এই বার থাকে। এখানে প্রোগ্রামের নাম এবং যে ফাইলটি খোলা থাকলে তার নাম থাকে। এইবারের ডানদিকে পর্যায়ক্রমে Minimize বাটন (), Maximize বাটন () অথবা Restore বাটন () এবং Close বাটন () থাকে।

কন্ট্রোল বাটন () : এই বাটনে ক্লিক করলে ড্রপ ডাউন মেনু আসবে এবং এখান থেকে MS-Word বন্ধ করা যায়।

মিনিমাইজ বাটন () : ডানদিকের মাইনাস চিহ্ন () যুক্ত বাটনটির নাম মিনিমাইজ বাটন। এই বাটনে ক্লিক করলে MS-Word ছোট হয়ে টাস্কবারে চলে যায়। টাস্কবারে আবারও ক্লিক করলে MS-Word আবার স্ক্রীন জুড়ে চলে আসে।

ম্যাক্সিমাইজ বাটন () : ডানদিকের তিনটি বাটনের মধ্যে মাঝেরটি অর্থাৎ দুটি বর্গসম্বলিত বাটনটির নাম ম্যাক্সিমাইজ বাটন। এই বাটনে ক্লিক করলে MS-Word পুরো স্ক্রীন জুড়ে দেখা যায় এবং ম্যাক্সিমাইজ বাটনের পরিবর্তে একটি বর্গসহ Resotre বাটনে () রূপান্তরিত হয়। আবারও Resotore বাটনে ক্লিক করলে MS-Word স্ক্রীন পূর্বের আকারে ফিরে আসে।

Close বাটন () : ডানদিকের সবচেয়ে শেষে ক্রস সাইন () যুক্ত বাটনটির নাম Close বাটন। এই বাটনে ক্লিক করলে MS-Word বন্ধ হওয়ার জন্য প্রস্তুত হয় এবং ম্যাসেজ আসে। No বাটনে ক্লিক করলে MS-Word বন্ধ হয় এবং Cancel বাটনে ক্লিক করলে বন্ধ না হয়ে আবার স্ক্রীন ফিরে আসে।

Quick Access টুলবার

Office / File বাটনের উপর অবস্থিত তিনটি বাটন (ডিফল্ট) এবং একটি ড্রপ ডাউন (নিম্নমুখী তীর চিহ্ন) সম্বলিত টুলবারটির নাম Quick Access টুলবার। এটিতে সাধারণত Maximize / Minimize Button / Close, Undo Button, Redo Button, Save Button, Customize Quick Access Toolbar বাটন থাকে।




Fig. 1.7

Customize Quick Access Toolbar বাটনের ড্রপ ডাউনে ক্লিক করলে আরও অনেক অপশন পাওয়া যায়। এখান থেকে যে কোনো আইটেম সিলেক্ট করলে সেটিতে একটি টিকমার্ক (i) আসে এবং Quick Access টুলবারে সেটি প্রদর্শিত হয়। আবার ক্লিক করলে টিকমার্ক উঠিয়ে দিলে Quick Access টুলবার থেকে সেটি চলে যায়।

Ribbon ট্যাব সমূহ

Quick Access টুলবারের নিচেই রয়েছে Office-2010 এর সবচেয়ে উল্লেখযোগ্য এবং পরিবর্তিত অংশ Ribbon ট্যাব সমূহ। এটি Office 97-2003 তে অবস্থিত মেনু ও টুলবারকে সমন্বয় করে তৈরী করা হয়েছে। Word 2010-এর রিবনবারে Home, Insert, Page Layout, References, Mailings, Review এবং View ট্যাব রয়েছে। এছাড়া সংশ্লিষ্ট বিষয়ে আরও নতুন কিছু ট্যাব পাওয়া যাবে। প্রতিটি ট্যাবে রয়েছে সংশ্লিষ্ট কমান্ডগ্রুপ। যেমন Home ট্যাবে রয়েছে Clipboard, Font, Paragraph, Styles, Editing কমান্ড গ্রুপ। প্রতিটি কমান্ড গ্রুপে রয়েছে সংশ্লিষ্ট কমান্ড। যেমন Font কমান্ড গ্রুপের রয়েছে Bold, Itali, Underline, Strikethrough, Subscript, Superscript, Font Color, Font Size, Increase Font Size ও Decrease Font Size বাটন। কিছু কিছু কমান্ড গ্রুপের নিচে ডানদিকে একটি চারকোণা () রয়েছে, এটিতে ক্লিক করলে সংশ্লিষ্ট ডায়ালগ বক্স পাওয়া যাবে।




Fig. 1.8

ডায়ালগ বক্স লান্চার

কিছু কিছু গ্রুপ কমান্ডের মধ্যে নিচে ডানদিকে ক্ষুদ্র চারকোণা আইকন থাকে। এগুলিই সংশ্লিষ্ট ডায়ালগ বক্স লান্চার। এটিতে ক্লিক করলে সংশ্লিষ্ট ডায়ালগ বক্স বা Task Pane খুলে যাবে। যেমন— Font কমান্ড গ্রুপের নিচে ডানে অবস্থিত চারকোণা ডায়ালগ বক্স লান্চার আইকনে () ক্লিক করুন বা Ctrl+Shift+F প্রেস করুন।





Fig. 1.9

ডায়ালগ Font ডায়ালগ বক্স আসবে।



1.10

Scroll Bar

ডকুমেন্টটি অনেক বড় হলে এবং স্ক্রীনে না আঁটলে উপর / নিচ বা ডান / বামের লেখা দেখা যায় না। একারণে পর্দার ডানে/ বামে বা উপর/নিচে যাওয়ার প্রয়োজন হয়। Word স্ক্রীনের ডানদিকের বারটির নাম Vertical Scroll বার, এটির সাহায্যে উপর / নিচের ডাটাকে স্ক্রল করে দেখা যায়। অপর দিকে নিচের বারটির নাম Horizontal Scroll বার, এটির সাহায্যে ডান/বামের ডাটা স্ক্রল করে দেখা যায়।





Fig. 1.11

Status Bar

Horizontal Scroll বারের নিচে অর্থাৎ Word স্ক্রীনের সবচেয়ে নিচে Page : 1 of 1 লেখাসহ বারটির নাম Status বার। এই বারের সাহায্যে ডকুমেন্টে অবস্থিত কার্সর বা Insertion Point-এর অবস্থান জানা যায়।

Status Bar এর ডানদিকে ছয়টি ছোট বাটন থাকে এখান থেকে ভিউকে Print Layout, Full Screen Reading, Web Layout, Outline ও Dart এবং একেবারে শেষে ডানদিকে অবস্থিত স্লাইডারকে ড্রাগ করে View কে ছোট/বড় করা যাবে।



1.12

Status বারের উপর মাউসের Right Click করলে পপ-আপ মেনু আসবে। এখান থেকে প্রয়োজনীয় আইটেম সিলেক্ট / ডিসিলেক্ট করা যাবে।

Page 1 : এর অর্থ হচ্ছে একাধিক পৃষ্ঠা সম্বলিত ডকুমেন্ট কার্সর এর বর্তমান অবস্থান কত পৃষ্ঠায় সেটি দেখায়। যেমন Page 1, Page 5 ইত্যাদি।

Sec 1 : এর অর্থ হচ্ছে একাধিক সেকশন সম্বলিত ডকুমেন্ট কার্সর এর বর্তমান অবস্থান কোন সেকশনে সেটি দেখায় যেমন Sec 2, Sec 3 ইত্যাদি।

½ : এর অর্থ হচ্ছে মোট পৃষ্ঠা সংখ্যা কত এবং তার মধ্যে বর্তমানে কত নম্বর পৃষ্ঠাতে কার্সর অবস্থান করছে। যেমন 2/5 এর অর্থ হচ্ছে ডকুমেন্টের মোট পৃষ্ঠা সংখ্যা 5 এবং কার্সর বর্তমানে 2 নম্বর পৃষ্ঠায় অবস্থান করছে।

AT 2" : এর অর্থ হচ্ছে বর্তমান পৃষ্ঠার উপরের দিকের শুরুর অবস্থান থেকে কার্সর কত ইঞ্চি/সেংমিঃ নিচে অবস্থান করছে।

Line 1 : এর অর্থ হচ্ছে বর্তমান পৃষ্ঠায় কার্সর কত নম্বর লাইনে অবস্থান করছে।

Col 1 : এর অর্থ হচ্ছে বর্তমান পৃষ্ঠায় কার্সর কত নম্বর কলামে (অক্ষরে) অবস্থান করছে ইত্যাদি।

বর্তমান ফাইলটি Close করা

বর্তমান ফাইলটিকে ইতিমধ্যেই Save করা হয়েছে। এখন আমরা ফাইলটিকে Close করবো। নিম্নোক্ত কমান্ড Step by Step প্রয়োগ করুন।

১. Office / File বাটনে ক্লিক করে ড্রপ ডাউন আসলে সবচেয়ে নিচে অবস্থিত Close বাটনে ক্লিক করুন। (Home, Insert ইত্যাদি লেখা ট্যাবের সবচেয়ে ডানে Close বাটনে () ক্লিক করেও কাজটি করা যাবে)




Fig. 1.13

Do you want to save changes you made to... প্রশ্নসহ ডায়ালগ বক্স আসবে। Don't Save বাটনে ক্লিক করুন। ফাইলটি বন্ধ

হয়ে যাবে।

Word থেকে বের হওয়া

ফাইলে কাজ করতে না চাইলে Close করা হয়। কিন্তু Word এ আর কাজ করতে না চাইলে সম্পূর্ণ Word বন্ধ করে দিতে পারি। নিচের কমান্ড প্রয়োগ করুন।

১. Office / File বাটনে ক্লিক করুন এবং ড্রপ ডাউনের নিচে ডানদিকে Exit বাটনে ক্লিক করুন। Word বন্ধ হবে। কোনো ফাইল খোলা থাকলে এবং শেষ বার এডিটের পর Save করবেন কিনা এই ডায়ালগ বক্স আসলে Save করুন।

Windows 7 কে Shut Down করা

Start বাটনে ক্লিক করলে যে মেনু আসবে সেই মেনুর নিচে ডানদিকে একটি তির চিহ্নসহ Shut Down বাটন রয়েছে। Shut Down বাটনের তির চিহ্নে ক্লিক করলে আরও ৬টি অপশনসহ একটি মেনু আসবে।

Shut Down

এই বাটনে ক্লিক করলে উইন্ডোজ সরাসরি বন্ধ হয়ে যাবে। Restart হবে না, আবার চালু করতে হলে পুনরায় প্রথম থেকে শুরু করতে হবে।

আগে সেভ করে রাখা ফাইল Open করা

বিভিন্ন সময়ে কাজের প্রয়োজনে আমরা বিভিন্ন ধরনের ফাইল টাইপ করে আলাদা আলাদা নাম দিয়ে নির্দিষ্ট লোকেশনে (ড্রাইভ এবং ফোল্ডারে) সেভ করে রাখি। পরবর্তীতে সেই ফাইল খুলে Print বা বিভিন্নরকমের এডিটের প্রয়োজন হতে পারে। মোট কথা আগেই তৈরী করে রাখা ফাইল বার বার খোলার প্রয়োজন হতে পারে। পুরাতন ফাইল খুলতে নিম্নোক্ত কমান্ড প্রয়োগ করুন।

১. মাউস পয়েন্টার দ্বারা Office / File বাটনের উপর ক্লিক করুন ড্রপ ডাউন আসবে।
২. ড্রপ ডাউন থেকে Open বাটনে ক্লিক করুন। (File>Open বা Alt+F, O অথবা Ctrl+O)।




Fig. 1.14

Open ডায়ালগ বক্স আসবে। (Word 2013 তে Computer ও Recent folder সিলেক্ট করতে হবে।) এখানেও Save as ডায়ালগ বক্সের মতো Look in বক্সে ফাইলের লোকেশন, File Name, File of type, আইকন এবং বিভিন্ন বাটন থাকবে। Look in বক্সের নিচের ঘরে Word-এ তৈরী বিভিন্ন ফাইলের নাম দেখা যাবে। বক্সে কাঙ্ক্ষিত ফাইলের লিস্ট না থাকলে একটি Vertical স্ক্রলবারের উপর মুখী বা নিম্নমুখী তিরে ক্লিক করলে অবশিষ্ট ফাইলগুলো দেখা যাবে।

৩. ফাইলের লিস্ট থেকে পছন্দের ফাইলটি (যেমন RK) ক্লিক করে সিলেক্ট করুন এবং ডায়ালগ বক্সের ডানদিকের নিচের প্রান্ত থেকে Open বাটনে ক্লিক করুন।

আপনার সিলেক্ট করা ফাইলটি খুলে যাবে। প্রয়োজনীয় এডিট করে ফাইলটি সে করে বন্ধ করুন।

নতুন ফাঁকা Document / File খোলা

একটা ডকুমেন্টে কাজ করতে করতে সম্পূর্ণ নতুন অন্য একটা ফাঁকা ডকুমেন্ট দরকার হতে পারে। MS-Word এ একসাথে অনেকগুলো ডকুমেন্ট খুলে কাজ করা যেতে পারে। নিচের Stepগুলো অনুসরণ করুন।

১. Office/File বাটনে ক্লিক করুন। New, Open..., Close, Save ইত্যাদি আইটেম সহ ড্রপ ডাউন আসবে।

২. এরপর New (File>New বা Alt+F,N অথবা Ctrl+N) এ ক্লিক করুন।

৩. বামদিকে প্রচুর Templates থাকবে। Blank Document-এ ডাবল ক্লিক করুন বা Blank Document-এ ক্লিক করে ডানদিকে Create বাটনে ক্লিক করুন।

সম্পূর্ণ ফাঁকা একটি নতুন ডকুমেন্ট আসবে এবং স্ক্রীনের উপরের দিকে বামে লম্বা একটি রেখা জ্বলবে এবং নিভবে অর্থাৎ কার্সর (Insertion Point) দেখা যাবে। ইচ্ছামতো টেক্সট টাইপ করুন।

রিবনকে এক্সেস করা

Office 2010-এ ট্যাবই হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ। কীবোর্ড বা মাউস যে কোনো ডিভাইস দিয়ে ট্যাবকে এক্সেস করা যায়। Home, Insert, Page Layout ইত্যাদি যে কোনো ট্যাবের উপর মাউস দিয়ে ক্লিক করুন অথবা মাউসে স্ক্রল বাটন থাকলে ট্যাবের কমান্ডগ্রুপের উপর স্ক্রল করুন অথবা কীবোর্ড থেকে Alt কী, প্রেস করুন প্রতিটি রিবনের একটি শর্টকাট কী আসবে সেটি প্রেস করুন।




Fig. 1.15

বিকল্প কমান্ড

মনে রাখবে MS-Word এ একই কাজ বিভিন্নভাবে করা যায়। আমরা এই বইতে কমান্ড প্রয়োগের ক্ষেত্রে রিবন থেকে কমান্ড প্রয়োগ থাকবে এবং ব্র্যাকেটের মধ্যে Alt বা কীবোর্ড কমান্ডও থাকবে একই সাথে বিভিন্ন ধরনের কমান্ড ব্যবহার করলে, নবীনদের

জন্য জটিলতার কারণ হবে। কাজেই যে কোনো একটি পদ্ধতি ব্যবহার করে প্রথমে সফটওয়্যারটি সম্বন্ধে সম্যক ধারণা নিন। পরে অন্যান্য বিকল্প কমান্ড ব্যবহার করুন। নতুন একটি ফাঁকা ফাইল খোলার ক্ষেত্রে নিচের বিকল্প কমান্ডগুলো লক্ষ্য করুন।

নতুন ফাঁকা Document/File খোলা

লক্ষ্য করুন File-বাটনে ক্লিক করলে ড্রপ ডাউন আসবে এবং New, Open..., Close ইত্যাদি লেখা থাকবে। কীবোর্ড থেকে Alt. কী সহযোগে প্রেস করুন। একটু খুঁটিয়ে লক্ষ্য করুন, যেমন File কমান্ডের New এর N, Open... এর O, Close এর C, Save As এর A ইত্যাদি, কমান্ডের প্রত্যেকটির নিচে একটি অক্ষর আছে। অর্থাৎ কীবোর্ড থেকে Alt কী সহযোগে ঐ অক্ষর প্রেস করলেও একই কাজ হয়।




Fig. 1.16

এভাবে স্ক্রিনে File লেখার নিচে F আছে। Insert এর N, Page Layout এর P, References এর S ইত্যাদি প্রত্যেক ট্যাবের নিচে একটি অক্ষর আছে।




Fig. 1.17

আবার ট্যাবে ক্লিক করলে যে কমান্ড আসে সেসব কমান্ডের গায়েও অক্ষর আছে।

চলুন নিম্নোক্ত Steps অনুসরণ করা যাক।

১. কী বোর্ডের Alt কী প্রেস করে রাখা অবস্থায় F প্রেস করুন একটি Drop Down আসবে। (File-এ ক্লিক করার বিকল্প কমান্ড)। ড্রপ ডাউন হতে New, Open, Close ইত্যাদি লেখা থাকবে। New এর N এর নিচে Underline থাকবে।

২. কী বোর্ড থেকে N প্রেস করুন (New এ ক্লিক করার বিকল্প কমান্ড) এবং Blank Document সিলেক্ট থাকবে।
৩. কী বোর্ড থেকে Enter প্রেস অথবা Create এ ক্লিক করুন। ফাঁকা ডকুমেন্ট আসবে।

অন্য নামে ফাইল সেভ

কোনো ডকুমেন্ট বা ফাইলে সেভ করার জন্য প্রথমবার যখন File>Save কমান্ড দেওয়া হয়। তখন Look in অংশে ড্রাইভ বা ফোল্ডারে নাম (সাধারণত My Document) থাকে এবং File Name অংশে ফাইলের একটি নাম দিয়ে সেভ করতে হয়। এরপর ফাইলকে কিছুক্ষণ পরপর File>Save নাম দিয়ে সেভ করতে হয়। নতুবা কারেন্ট চলে গেলে বা অন্য কারণে কম্পিউটার বন্ধ হয়ে গেলে শেষবারের সেভ করার পরে টাইপ করা অংশ আর ফেরৎ পাওয়া যায় না।

পরবর্তী কোনো সময়ে পূর্বে তৈরী করে রাখা ফাইলটির প্রয়োজন হলে— অবিক্রিত অবস্থায় সেটি পাওয়া যায়। যেহেতু প্রথমবার সেভ করার পরে যতবার File>Save কমান্ড দেওয়া হয় পূর্বের ফাইলটি অটোমেটিক সেভ হতে থাকে এবং নাম পরিবর্তন কোনো অপশন পাওয়া যায় না। এজন্য Save As কমান্ড প্রয়োগ করতে হয়। File>Open () কমান্ডে আগেই Save করে রাখা একটি ফাইল খুলুন এবং নিম্নোক্ত Step অনুসরণ করুন।

১. মাউস পয়েন্টার দ্বারা File বাটনে ক্লিক করুন। ড্রপ ডাউন আসবে।
২. ড্রপ ডাউন থেকে Save As এ ক্লিক করুন (File>Save As বা Alt+F,A)। সামনে Save As ডায়ালগ বক্স আসবে। ফাইল আগে সেভ থাকার কারণে File Name অংশে পূর্বের নামটি সিলেক্ট থাকবে।
৩. File Name অপশনের বক্সে নতুন একটি নাম দিয়ে Save/OK বাটনে ক্লিক করুন।

একটি **Word** সিলেক্ট করা

Steps

১. যে Wordটি সিলেক্ট করতে চান মাউস পয়েন্টার তার উপর এনে ডাবল ক্লিক করুন।

On the Insert tab, the galleries include items that are designed to coordinate with the overall look of your document. You can use these galleries to insert tables, headers, footers, lists, cover pages, and other document building blocks. When you create pictures, charts, or diagrams, they also coordinate with your current document look.

You can easily change the formatting of selected text in the document text by choosing a look for the selected text from the Quick Styles gallery on the Home tab. You can also format text directly by using the other controls on the Home tab. Most controls offer a choice of using the look from the current theme or using a format that you specify directly.

Fig. 2.1

অথবা

২. কী বোর্ড থেকে Shift কী প্রেস করা অবস্থায় Arrow কী চেপে Word এর শেষে আসুন।

Line সিলেক্ট করা

Steps

১. মাউস পয়েন্টার পর্দার বামদিকে লেখার বাইরে আনলে Arrow হয়ে ডানমুখী হবে। ডানমুখী অবস্থায় ক্লিক করলে পাশের লাইনটি সিলেক্ট হবে।

On the Insert tab, the galleries include items that are designed to coordinate with the overall look of your document. You can use these galleries to insert tables, headers, footers, lists, cover pages, and other document building blocks. When you create pictures, charts, or diagrams, they also coordinate with your current document look.

You can easily change the formatting of selected text in the document text by choosing a look for the selected text from the Quick Styles gallery on the Home tab. You can also format text directly by using the other controls on the Home tab. Most controls offer a choice of using the look from the current theme or using a format that you specify directly.

Fig. 2.2

অথবা

২. Line এর শুরুতে পয়েন্টার রেখে কী বোর্ড থেকে Shift + End কী (Shift কী চেপে রাখা অবস্থায় End কী) প্রেস করলে লাইনটি সিলেক্ট হবে। এছাড়াও ড্রাগ করে বা Arrow কী ব্যবহার করেও লাইন সিলেক্ট করা যায়।

Sentence সিলেক্ট করা

১. কী বোর্ড থেকে Ctrl কী প্রেস করা অবস্থায় Sentence এর যে কোনো স্থানে ক্লিক করলে গোটা Sentenceটি সিলেক্ট হবে। ড্রাগ করতে থাকলে পরবর্তী Sentence সিলেক্ট হবে।

On the Insert tab, the galleries include items that are designed to coordinate with the overall look of your document. You can use these galleries to insert tables, headers, footers, lists, cover pages, and other document building blocks. When you create pictures, charts, or diagrams, they also coordinate with your current document look.

You can easily change the formatting of selected text in the document text by choosing a look for the selected text from the Quick Styles gallery on the Home tab. You can also format text directly by using the other controls on the Home tab. Most controls offer a choice of using the look from the current theme or using a format that you specify directly.

Fig. 2.3

এছাড়াও Shift এবং Arrow কী সহযোগে Sentence সিলেক্ট করা যায়।

অথবা

২. Ctrl কী প্রেস করা অবস্থায় Paragraph এর যে কোনো স্থানে ক্লিক করলে ঐ স্থানের Sentenceটি সিলেক্ট হবে।

Paragraph সিলেক্ট করা

১. Paragraph এর যে কোনো স্থানে পয়েন্টার এনে Tripple ক্লিক (দ্রুত তিনবার ক্লিক) করলে সমস্ত Paragraph সিলেক্ট হবে।

অথবা

২. লাইন সিলেক্টের মতো মাউস পয়েন্টারকে প্যারার বাইরে বামদিকে আনলে পয়েন্টারটি ডানমুখী Arrow তে রূপান্তরিত হবে। ডানমুখী অবস্থায় ডাবল ক্লিক করলে সমস্ত Paragraph টি সিলেক্ট হবে।

On the Insert tab, the galleries include items that are designed to coordinate with the overall look of your document. You can use these galleries to insert tables, headers, footers, lists, cover pages, and other document building blocks. When you create pictures, charts, or diagrams, they also coordinate with your current document look.

You can easily change the formatting of selected text in the document text by choosing a look for the selected text from the Quick Styles gallery on the Home tab. You can also format text directly by using the other controls on the Home tab. Most controls offer a choice of using the look from the current theme or using a format that you specify directly.

Fig. 2.4

Continuous Text সিলেক্ট করা

অনেক সময় অনেক বড় Text, যা কয়েক পৃষ্ঠা মিলেও হতে পারে। একাবারে সিলেক্ট করার দরকার হতে পারে।

১. যেখান থেকে সিলেকশন শুরু করতে চান সেখানে ক্লিক করুন।

২. কী বোর্ড থেকে Shift কী প্রেস করা অবস্থায় যেখানে সিলেকশন শেষ করতে চান সেখানে মাউস পয়েন্টার এনে ক্লিক করুন।

On the Insert tab, the galleries include items that are designed to coordinate with the overall look of your document. You can use these galleries to insert tables, headers, footers, lists, cover pages, and other document building blocks. When you create pictures, charts, or diagrams, they also coordinate with your current document look.

You can easily change the formatting of selected text in the document text by choosing a look for the selected text from the Quick Styles gallery on the Home tab. You can also format text directly by using the other controls on the Home tab. Most controls offer a choice of using the look from the current theme or using a format that you specify directly.

To change the overall look of your document, choose new Theme elements on the Page Layout tab. To change the looks available in the Quick Style gallery, use the Change Current Quick Style Set command.

Fig. 2.5

লক্ষ্য করুন, আপনার কাঙ্ক্ষিত অংশ সিলেক্ট হয়েছে। যদি Text এর মধ্যে কোনো গ্রাফিক্স, টেবিল ইত্যাদি থাকে সেগুলিও সিলেক্ট হবে।

সমস্ত **Document** সিলেক্ট করা

সাধারণত কয়েক পৃষ্ঠা টেক্সট, টেবিল, Drawing, Picture ইত্যাদি সম্বলিত ডকুমেন্টকে ড্রাগ করে সিলেক্ট করার পরিবর্তে Ribbon থেকে সিলেক্ট করা সহজ।

Steps

১. ডকুমেন্টের যে কোণে স্থানে কার্সর রাখুন। Home ট্যাবে ক্লিক করুন। Home ট্যাবের একদম ডানদিকে Select নামক অপশন

আছে। ক্লিক করুন, ড্রপ ডাউন আসবে।

২. ড্রপ ডাউন থেকে Select All সিলেক্ট করুন। সমগ্র Document সিলেক্ট হবে। (Alt+E,L) (Home Ribbon>Select বা Ctrl+A বা Alt+E,L)

সমগ্র ডকুমেন্ট সিলেক্ট হবে। আবারও সিলেকশন বাতিল করতে চাইলে ডকুমেন্টের যে কোনো স্থানে ক্লিক করুন বা কী বোর্ড থেকে যে কোনো অ্যারো কী প্রেস করুন।

অথবা

৩. কী বোর্ড থেকে Ctrl+A প্রেস করুন। সমগ্র Document সিলেক্ট হবে।

উল্লেখ্য Text এর কালার পরিবর্তন, ছোট/বড় করা, কপি করা, মুছে ফেলা ইত্যাদি করতে হলে প্রথমেই Text কে Block বা Select করতে হয়।

Formatting করা

রিবনবারের Home ট্যাব থেকে Font কে বিভিন্নভাবে Formatting করা যায়। এখন আমরা প্রতিটি লাইনে আলাদা আলাদা Format যোগ করব। চলুন Home ট্যাবের দিকে একবার চোখ বুলিয়ে নেওয়া যাক।




Fig. 3.1.

Home ট্যাব

চলুন শুরু করা যাক

১. প্রথম লাইনটি (RK) ড্রাগ করে Block বা সিলেক্ট করুন।
২. Home ট্যাবের Font কমান্ডগ্রুপের বামদিক থেকে () লেখা এর ড্রপ ডাউনে (নিম্নমুখী তির) ক্লিক করুন। বিভিন্ন ফন্টের স্টাইলসহ ড্রপ ডাউন আসবে। Arial ফন্ট সিলেক্ট করুন।




Fig. 3.2

ফরমেটিং করা

Font পরিবর্তিত হয়ে Arial হবে। এভাবে বিভিন্ন ধরনের Font সিলেক্ট করা হয়। বাংলা Fontও এখান থেকে সিলেক্ট করা হয়। অথবা

Home ট্যাব থেকে Font কমান্ডগ্রুপের ডানদিকে ক্ষুদ্র চারকোণা আইকন () বা ডায়ালগ বক্স লানচারে ক্লিক করুন বা Ctrl+Shift+F প্রেস করুন।




Fig. 3.3

মনে করিয়ে দিই, কিছু কিছু গ্রুপ কমান্ডের মধ্যে নিচে ডানদিকের ক্ষুদ্র চারকোণা আইকন থাকে। এগুলিই ডায়ালগ বক্স লানচার। এগুলোতে ক্লিক করলে ঐ ডায়ালগ বক্স খুলে যাবে। যেমন— কমান্ড গ্রুপের নিচে ডানদিকে ক্ষুদ্র চারকোণা আইকনে () ক্লিক করুন বা Ctrl+Shift+F প্রেস করলে ডায়ালগ বক্স খুলে যাবে।

এ অবস্থায় আপনার সামনে Font ডায়ালগ বক্স আসবে।




Fig. 3.4

ডায়ালগ বক্সের উপর বামদিকের প্রথম অপশন Font এবং এর নিচে বর্তমানে সিলেক্ট করা ফন্টের নাম থাকবে। নামের ডানদিকে স্ক্রল কী অথবা উর্ধ্ব/নিম্নগামী তিরচিহ্নে ক্লিক করলে উপরে/নিচে অবস্থিত আরও Font এর নাম আসবে। এখানে বিভিন্ন ধরনের Font সিলেক্ট করলে নিচের দিকে Preview অপশনে পরিবর্তন দেখাবে।

8. Font অপশন থেকে Arial সিলেক্ট করে OK করুন।

একই কাজ হবে।

ফন্টের Size পরিবর্তন

টেক্সট লেখার পরও ফন্টের সাইজ ছোট/ বড় করা যায়।

১. RK Computers লেখা দ্বিতীয় লাইন সিলেক্ট করুন।
২. Home ট্যাবের Font কমান্ডগ্রুপের (সংখ্যা লেখা) এর ড্রপ ডাউনে ক্লিক করুন। বিভিন্ন সাইজসহ ড্রপ ডাউন থেকে 36 সিলেক্ট করুন।

ফন্ট বড় হবে।

অথবা

১. Home ট্যাব থেকে Font কমান্ড গ্রুপের ডানদিকে ক্ষুদ্র ডায়ালগ বক্স লানচারে ক্লিক করুন। আবারও Font ডায়ালগ বক্স আসবে।

২. Font ডায়ালগ বক্সের উপরের দিকের ৩নং অপশনের নাম Size। এখান থেকে Font ছোট বড় করা যায়। স্ক্রল অ্যারোতে (উর্ধ্ব/নিম্নগামী ত্রিভুজ) ক্লিক করলে ফন্টের আরও সাইজ পাওয়া যায়।

৩. এখান থেকে 36 সাইজ সিলেক্ট করুন।

Grow Font করা

১. একই প্রক্রিয়ায় পরবর্তী লাইন সিলেক্ট করে Font ডায়ালগ বক্স আনুন।
২. Home ট্যাবের Font কমান্ডগ্রুপের Grow Font () এর উপর ক্লিক বা (Ctrl+>) প্রেস করুন।
৩. Font সাইজ ২ পয়েন্ট করে বড় হতে থাকবে।

Shrink Font করা

১. Home ট্যাবের কমান্ডগ্রুপের Shrink Font () এর উপর ক্লিক বা (Ctrl+<) প্রেস করুন।
২. Font সাইজ ২ পয়েন্ট করে ছোট হতে থাকবে।

ফন্টের Style পরিবর্তন

ফন্ট Style থেকে এখন Bold অপশন সিলেক্ট করব।

Steps

৪. RK Computers লেখা তৃতীয় লাইন সিলেক্ট করুন।
৫. Home ট্যাব থেকে Font কমান্ড গ্রুপের B লেখা বাটনের উপর ক্লিক করুন।

অথবা

৬. Home ট্যাব থেকে Font কমান্ড গ্রুপের ডানদিকে ক্ষুদ্র ডায়ালগ বক্স লানচারে ক্লিক করুন। Font ডায়ালগ বক্স আসবে।

Font অপশনের পাশে বক্সের নাম Font Style এখানে Regular, Bold, Bold Italic অপশন থাকবে।

৭. Bold অপশন সিলেক্ট করুন এবং Preview অপশন দেখুন লেখা গাঢ় দেখা যাবে। শেষে OK করুন।

৮. একই কাজ হবে।

Regular সিলেক্ট থাকলে ফন্ট সাধারণ থাকবে। Bold সিলেক্ট করলে লেখা বোল্ড বা গাঢ় হবে। Italic সিলেক্ট করলে লেখা ইটালিক অর্থাৎ ডানদিকে বাঁকানো হবে। Bold Italic সিলেক্ট করলে লেখা গাঢ় এবং ডানদিকে বাঁকানো হবে।

টেক্সট Underline করা

Word এ বিভিন্ন ধরনের Underline করা যায়।

৪. একই প্রক্রিয়ায় পরবর্তী লাইন সিলেক্ট করে Home ট্যাব থেকে Font কমান্ড গ্রুপের U লেখা বাটনের ড্রপ ডাউন থেকে যে কোনো Underline সিলেক্ট করুন।

টেক্সটে Underline করুন।

অথবা

৯. Home ট্যাব থেকে Font কমান্ড গ্রুপের ডানদিকে ক্ষুদ্র ডায়ালগ বক্স লানচারে ক্লিক করুন। নিচে মাঝামাঝি পজিশনে Underline Style লেখার ডাউন অ্যারোতে ক্লিক করুন। বিভিন্ন ধরনের Underline আসবে। এখান থেকে যে কোনো একটি সিলেক্ট করুন।




Fig. 3.5

১০. শেষে OK করুন।

Font ডায়ালগ বক্সের বিভিন্ন ধরনের Underline (None) সিলেক্ট করলে আগে আন্ডারলাইন থাকলে উঠে যাবে।

Single সিলেক্ট করে একটা রেখাসহ আন্ডারলাইন হবে। Words Only সিলেক্ট করলে শুধুমাত্র Word এর নিচে (ফাঁকা স্থান বাদে) আন্ডারলাইন হবে।

Double সিলেক্ট করলে দুইটি রেখাসহ আন্ডারলাইন হবে।

Dotted সিলেক্ট করলে ডট চিহ্ন দিয়ে আন্ডারলাইন হবে।

Thick সিলেক্ট করলে চিকন আন্ডার লাইন হবে।

Dash সিলেক্ট করলে Dash রেখাসহ আন্ডার লাইন হবে।

Wave সিলেক্ট করলে ঢেউ-এর মতো আন্ডার লাইন হবে। ইত্যাদি

ফরমেটিং করা

Underline Color

Underline Style সিলেক্ট করার পর Underline এর কালার পরিবর্তন করা যায়। Home ট্যাব থেকে Font কমান্ড গ্রুপের U লেখা বাটনের ড্রপ ডাউন থেকে Underline Color লেখার উপর ক্লিক করলে বিভিন্ন ধরনের কালার আসে এখান থেকে ইচ্ছামতো কালার সিলেক্ট করা যায়।




Fig. 3.6

অথবা

Home ট্যাব থেকে Font কমান্ড গ্রুপের ডানদিকে ক্ষুদ্র ডায়ালগ বক্স লানচারে ক্লিক করুন। Underline Color লেখার উপর ক্লিক করলে বিভিন্ন ধরনের কালার আসে এখান থেকে ইচ্ছামতো কালার সিলেক্ট করা যায়।

টেক্সট Effect সংযোজন

১. একই প্রক্রিয়ায় পরবর্তী লাইন সিলেক্ট করুন।
২. Home ট্যাব থেকে Font কমান্ড গ্রুপের () অপশনের ডাউন অ্যারোতে (নিম্নমুখী তির) ক্লিক করুন। বিভিন্ন ধরনের Effect অপশন আসবে। এখান থেকে যে কোনো Effect বেছে নেওয়া যায়।
৩. Gradient Fill-Blue, Accent1, Outline-White, Glow-Accent2 (A) সিলেক্ট করুন।




Fig. 3.7

পরিবর্তন দেখুন।

টেক্সটে Outline সংযোজন দেখুন।

এই অপশন সিলেক্ট করে টেক্সটের চারপাশে আউট লাইন এবং মাঝে ফাঁকা এরূপ এফেক্ট দেওয়া যায়। টেক্সটের ইচ্ছামতো কালারের ও Style এর Outline সংযোজন করা যায়।

পরিবর্তন দেখুন।

টেক্সটে Shadow সংযোজন করা

Outline এর নিচের অপশন Shadow অপশন। এই অপশন সিলেক্ট করে টেক্সটে Shadow এফেক্ট দেওয়া যায়। ফলে টেক্সটে ছায়া পড়ে। বিভিন্ন ধরনের Shadow স্টাইল রয়েছে। Outline, Inner, Perspective এদের মধ্যে থেকে প্রয়োজনীয়টি বেছে নিতে পারেন।

টেক্সটে Reflection সংযোজন করা

Shadow এর নিচের অপশন Reflection অপশন। এই অপশন সিলেক্ট করে টেক্সটে Reflection দেওয়া যায়।

টেক্সটে Glow সংযোজন করা

বিভিন্ন অপশন থেকে ইচ্ছামতো পরিবর্তন কুন।

টেক্সটের Color পরিবর্তন করা

টেক্সটের রঙ ইচ্ছামতো পরিবর্তন করা যায়।

১. একই প্রক্রিয়ায় পরবর্তী লাইন সিলেক্ট করুন।

২. Home ট্যাব থেকে Font কমান্ড গ্রুপের () লেখা বাটনের উপর ক্লিক করুন। কালার বক্স আসবে ইচ্ছামতো কালার সিলেক্ট করুন।

অথবা

Font কমান্ড গ্রুপের ডানদিকে ক্ষুদ্র ডায়ালগ বক্স লানচারে ক্লিক করে Underline Style অপশনের বামে Font Color লেখার ডাউন অ্যারোতে (নিম্নমুখী তির) ক্লিক করুন। Theme Colors, Standard Colors, More Colors বিভিন্ন ধরনের কালার অপশন আসবে। এখান থেকে কালার বেছে নেওয়া যায়।

Standard Colors থেকে Red কালার সিলেক্ট করুন। Preview অপশনে লক্ষ্য করুন Text এর কালার লাল হয়েছে। শেষে OK করুন।

Strikethrough : এটি সিলেক্ট করলে মাঝখান দিয়ে কাটা দাগ দেখা যাবে। (Alt+O, F, Alt+K, Enter) যেমন; নিচের Textটি লক্ষ্য করুন।

Double Strikethrough : এটি সিলেক্ট করলে টেক্সটের মাঝখান দিয়ে জোড়া কাটা দাগ দেখা যাবে। (Alt+O, F, Alt+L, Enter) যেমন নিচের Text

Superscript : এটি সিলেক্ট করলে টেক্সট Superscript অনুসারে উপরে উঠবে। কোনো সংখ্যার পাওয়ার বোঝাতে এটি ব্যবহৃত হয়। A² লিখুন এবং শুধুমাত্র 2কে সিলেক্ট করে Superscript সিলেক্ট করুন। (Shift+Ctrl=) টেক্সট নিচের মতো দেখাবে।

A²

Subscript : এটি সিলেক্ট করলে টেক্সট Subscript অনুসারে নিচে নামবে। সাধারণত রাসায়নিক সংকেতের ক্ষেত্রে এটি ব্যবহৃত হয়। যেমন অক্সিজেনের সংকেত বোঝাতে O₂ লিখুন এবং শুধুমাত্র 2কে সিলেক্ট করে Subscript সিলেক্ট করুন (Ctrl+=) টেক্সট নিচের মতো দেখাবে।

O₂

Small Cap : এটির মাধ্যমে ছোট হাতের লেখা বড় হাতের হয় কিন্তু প্রথম অক্ষর তুলনামূলক বড় থাকে।

All Caps : এটির মাধ্যমে সমস্ত টেক্সট বড় হাতের হয়। যেমন—

Hidden : কোনো Text কে লুকিয়ে রাখার জন্য এই অপশন সিলেক্ট করতে হয়।

Default সেটিং করা

যদি টেক্সট সিলেক্ট করে Font বক্স থেকে বিভিন্ন অপশন পরিবর্তন করা হয় তবে সিলেক্ট করা টেক্সটের উপর সেই এফেক্ট কার্যকর

হয়। টেক্সট সিলেক্ট না থাকলে পরিবর্তিত এফেক্ট নতুন টেক্সট লিখলে তার উপর কার্যকর হয় না। এখন যদি ফাইলটি বন্ধ করে নতুন ফাইল খোলা হয় তবে পরিবর্তিত সেটিং আর থাকবে না। সেটিং স্থায়ীভাবে করার জন্য ডিফল্ট সেটিং করতে হবে।

Steps

১. প্রয়োজনীয় পরিবর্তন করুন।

Font বক্সের বামদিকের নিচে অবস্থিত Set As Default বাটনে ক্লিক করুন।

ডায়ালগ বক্স আসলে OK বাটনে ক্লিক করুন।

Font ছোট/বড় হাতের করা

সাধারণ ইংরেজি লেখা ছোট হাতের হয় কিন্তু Shift প্রেস করে কোনো অক্ষর লিখলে সেটি বড় হাতের হয়। এটি অবশ্য যদি কীবোর্ডের Caps Lock কী অফ থাকে তবেই প্রযোজ্য। যদি Caps Lock অন থাকে তবে প্রতিটি অক্ষরই বড় হাতের হবে। Word এ টেক্সট লেখার পরেও Case পরিবর্তন করা যায়। নিম্নলিখিত Steps প্রয়োগ করুন।

১. প্রয়োজনীয় টেক্সট সিলেক্ট করুন।

২. Home Tab এর Font কমান্ডগ্রুপের Change Case এ ক্লিক করুন।




Fig. 3.8

নিম্নে বিভিন্ন অপশনের আলোচনা লক্ষ্য করুন।

Sentence case : এটি সিলেক্ট করে OK করলে, প্রথম Sentence এর প্রথম Word এর প্রথম অক্ষরটি বড় হাতের হবে। যেমন— This is RK computer system.

lowercase : এটি সিলেক্ট করে OK করলে সব অক্ষর ছোট হাতের অক্ষরে রূপান্তরিত হবে। যেমন— this is rk computer systems.

UPPERCASE : এটি সিলেক্ট করে OK করলে সব অক্ষর বড় হাতের অক্ষরে রূপান্তরিত হবে। যেমন— THIS IS RK COMPTEER SYSTEM.

Capitalize Each Word : এটি সিলেক্ট করে OK করলে টেক্সটের প্রতিটি Word এর প্রথম অক্ষর বড় হাতের হবে। যেমন— This Is Rk Computer Education.

tOGGLE cASE : এটি সিলেক্ট করে OK করলে ছোট হাতের লেখা বড় হাতে এবং বড় হাতের লেখা ছোট হাতের অক্ষরে রূপান্তরিত হবে। যেমন— tHIS iS rK cOMPUTER eDUCATION.

Alignment

Alignment, Line Spacing, Indentation ইত্যাদি পরিবর্তন করার জন্য Home ট্যাব থেকে কমান্ড দিতে হবে। এখন আমরা Alignment কমান্ড নিয়ে আলোচনা করব। পরবর্তীতে বিভিন্ন অধ্যায়ে অন্যান্য প্রসঙ্গে সংশ্লিষ্ট আলোচনা করব।

লক্ষ্য করুন, Word এ কোনো Document লেখা শুরু করলে Left Alignment হতে থাকে। অর্থাৎ বামদিকে লাইনগুলো একই জায়গা থেকে শুরু হওয়ার কারণে সমান থাকে। এক্ষেত্রে ডানদিকের লাইনগুলো অসমান থাকে এবং দেখতে খারাপ লাগে। এক্ষেত্রে Justify করলে ডান ও বাম দুইদিক সমান হয়ে যায়। Right Alignment করলে ডানদিক সমান হলেও বামদিক অসমান হয়ে যায়। আবার

Centre Alignment করলে টেক্সট মাঝে অবস্থান করে এবং ডান ও বামে সমান ফাঁকা জায়গা থাকে। Document কে সুন্দরভাবে উপস্থাপন করার জন্য Alignment একটি অতি প্রয়োজনীয় কমান্ড। Home ট্যাব থেকে Align কমান্ড দিয়ে Alignment করা যায়।

Alignment Command-bar




Fig. 3.9

চলুন সামান্য কিছু Text কে বিভিন্ন ধরনের Alignment করে দেখা যাক।

Steps

১. Mouse দ্বারা কয়েকটি লাইন Select / Block করুন।

২. Home ট্যাব থেকে Paragraph কমান্ডগ্রুপ থেকে Align Right টুল () সিলেক্ট করুন। টেক্সটগুলি ডানদিকে সমান হবে কিন্তু বাম দিকে অসমান হয়ে যাবে (Ctrl + R)।




Fig. 3.10

অথবা

৩. Home ট্যাব থেকে Paragraph কমান্ডগ্রুপের ডায়ালগ বক্স লানচারে ক্লিক করুন (Home Tab > Paragraph) ডায়ালগ বক্স লানচার / Alt + O, P)। Paragraph ডায়ালগ বক্স আসবে। বামে Alignment নামে অপশন থাকবে। Alignment অপশনে বর্তমান সেটিং (Left, Right, Centre বা Justify) সিলেক্ট থাকবে এবং নিম্নগামী তির (ডাউন অ্যারো) থাকবে।

৪. Alignment লেখার ডানের ডাউন Arrow তে ক্লিক করুন। ড্রপ ডাউন মেনু আসবে এবং Left, Right, Center এবং Justify লেখা থাকবে।

৫. Right সিলেক্ট করুন। অথবা

৬. Paragraph কমান্ডগ্রুপ থেকে Justify কমান্ডে () ক্লিক করলে বা Paragraph কমান্ডগ্রুপের ডায়ালগ বক্স লানচার থেকে Justify সিলেক্ট করলে ডান ও বাম দুই দিকই সমান হবে (Ctrl + J)।

৭. Paragraph কমান্ডগ্রুপ থেকে Center কমান্ডে () ক্লিক করলে বা Paragraph কমান্ডগ্রুপের ডায়ালগ বক্স লানচার থেকে Center সিলেক্ট করলে টেক্সটগুলো মাঝে অবস্থান করবে (Ctrl + C)।

8.Paragraph কমান্ডগ্রুপ থেকে Left কমান্ডে () ক্লিক করলে বা Paragraph কমান্ডগ্রুপের ডায়ালগ বক্স লানচার থেকে Left সিলেক্ট করলে বামদিক সমান হবে কিন্তু ডানদিক অসমান হয়ে যাবে (Ctrl +L)।

Indentation করা

Home Tab এ Paragraph কমান্ডগ্রুপের Align কমান্ডের উপরের ৩টি অপশনের নাম এবং Bullets (), Numbering (), Multilevel List () বাটন। তার পরের দুইটি বাটনের নাম Decrease Indent () এবং Increase Indent () বাটন।

যে কোনো ইন্ডেন্ট বাটনে ক্লিক করলে সিলেক্ট করা অংশ অর্থাৎ প্যারা Alignment ঠিক রেখে সমান দূরত্বে ডানে বা বামে সরে যাবে সাধারণ আধ ইঞ্চি (.5")। যদিও Home Tab > Paragraph কমান্ডগ্রুপের ডায়ালগ বক্স লানচারের মাধ্যমে সেটিং পরিবর্তন করা যায়। নিচের ফিচারটি লক্ষ্য করুন 1 ও 2 নম্বর Point কে Block / Select করে একবার ডানদিকে (Increase Indent) বাটনে () ক্লিক করা হয়েছে।

On the Insert tab, the galleries include items that are designed to coordinate with the overall look of your document. You can use these galleries to insert tables, headers, footers, lists, cover pages, and other document building blocks. When you create pictures, charts, or diagrams, they also coordinate with your current document look.

1. You can easily change the formatting of selected text in the document text by choosing a look for the selected text from the Quick Styles gallery on the Home tab. You can also format text directly by using the other controls on the Home tab. Most controls offer a choice of using the look from the current theme or using a format that you specify directly.
2. To change the overall look of your document, choose new Theme elements on the Page Layout tab. To change the looks available in the Quick Style gallery, use the Change Current Quick Style Set command. Both the Themes gallery and the Quick Styles gallery provide reset commands so that you can always restore the look of your document to the original contained in your current template.

Fig. 3.11

প্রত্যেকবার Indent বাটনে ক্লিক করলে .5 ইঞ্চি ডানে বা বামে সরে যাবে।

১৭. শেষে ফাইলটি File>Save কমান্ড দিয়ে এবং একটি নাম দিয়ে সেভ করুন।

১৮.

Drop Cap করা

Text কে সুন্দরভাবে সজ্জিত করে, পত্রিকার মতো Paragraph এর প্রথম অক্ষরকে বড় করে উপস্থাপন করতে হলে Drop Cap কমান্ড প্রয়োগ করতে হয়। অনেক সময় এই ডকুমেন্টের বিভিন্ন প্যারাগ্রাফের আগেও ড্রপ ক্যাপ ফিচার ব্যবহার করা হয়।

মনে রাখবেন Drop Cap ফিচার প্রয়োজনবোধে কোনো গ্রাফিক্সও ব্যবহার করা যেতে পারে। Drop Cap দুই ধরনের হতে পারে। একটি অপশনে (Dropped) ড্রপ ক্যাপটি অর্থাৎ বড় অক্ষরটি নিচের লাইনের সমান মার্জিনে থেকে অপরটিতে (In Margin) বড় অক্ষরটি নিচের লেখার মার্জিনের বাইরে থাকে। Drop Cap তৈরীর জন্য কয়েকটি লাইন টাইপ করে নিচের কমান্ডগুলো ধারাবাহিকভাবে ব্যবহার করুন।

১.Paragraph এর যে কোনো স্থানে কার্সর রাখুন (অথবা আপনার পছন্দের Paragraph এর প্রথম Word এর প্রথম অক্ষরটি বা সম্পূর্ণ Wordটি Block/Select করুন)।

২.Insert ট্যাব থেকে Drop Cap এ ক্লিক করুন (Alt+O,D)। এ অবস্থায় আপনার সামনে Drop Cap ড্রপ ডাউন আসবে। (Insert>Drop Cap)।

৩.ড্রপ ডাউন থেকে যে কোনো একটি স্টাইল (Dropped বা In Margin) ক্লিক করলে সিলেক্ট করুন এবং শেষে OK করুন। প্যারার

প্রথম অক্ষরটি বড় হবে। (Alt+D বা Alt+M, Enter)।




Fig. 3.12

Tips : প্রয়োজনে Drop Cap এর ফন্ট পরিবর্তন করতে পারেন। এক্ষেত্রে Font বক্স এর ডাউন অ্যারোতে ক্লিক করে নতুন Font সিলেক্ট করুন।

Drop Cap বাতিল করা

যে কোন সময় ড্রপ ক্যাপটি বাতিল করার দরকার হতে পারে। এই মাত্র তৈরী করা বা আগে তৈরী করা যে কোনো Drop Cap কে বাতিল করা যায়। নিম্নের কমান্ডগুলো অনুসরণ করুন।

Steps :

১. ড্রপ ক্যাপটি সিলেক্ট করুন।
২. Insert ট্যাব থেকে Drop Cap এ ক্লিক করুন (Alt+O,D)। এ অবস্থায় আপনার সামনে Drop Cap ড্রপ ডাউন আসবে। (Insert>Drop Cap)
৩. এখান থেকে প্রথম অপশন অর্থাৎ None অপশন সিলেক্ট করে OK করুন। ড্রপ ক্যাপটি বাতিল হবে কিন্তু টেক্সটটি ঠিকই থাকবে।

Word Art আনা

Document এর হেডিং বা মাঝে মাঝে কিছু অংশ যদি একটু ডিজাইন করে দেওয়া হয় তাহলে ডকুমেন্টটা দেখতে সুন্দর লাগে। আর MS-Word এ Word Art এর দারণ ব্যবস্থা রয়েছে। এজন্য নিচের কমান্ডগুলো ব্যবহার করুন। উল্লেখ্য বর্তমানে Word Art সম্বন্ধে আমরা সাধারণ ধারণা নেব পরবর্তীতে বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হয়েছে।

১. Insert ট্যাবে ক্লিক করুন। অনেক কমান্ডগ্রুপ আসবে। ডানদিকে Word Art নামক কমান্ডগ্রুপে ক্লিক করুন (Insert>Word Art)। আপনার সামনে Word Art Gallery আসবে।




Fig. 3.13

Picture আনা

Document কে সুন্দরভাবে উপস্থাপন করার জন্য অনেক সময় Picture বা ছবির প্রয়োজন হয়। Word এ খুব সহজেই ছবি আনা যায়। ছবি আপনার পর ছবিকে বিভিন্নভাবে Edit করা যায়। এ সংক্রান্ত বিস্তারিত আলোচনা পরবর্তীতে করা হবে। আপাতত ছবি আনার জন্য নিজের কমান্ডগুলো ব্যবহার করুন।

১. Insert ট্যাবে ক্লিক করুন। অনেক কমান্ডগ্রুপ আসবে। বামদিক থেকে Picture এর পরেই Clip Art কমান্ড, ক্লিক করুন। একটি Task Pane আসবে।




Fig. 3.14

২. Task Pane এ Search for এর ডানে Go বাটনে ক্লিক করুন। Task Pane এর নিচের দিকে বিভিন্ন ধরনের ছবি আসবে।




Fig. 3.15

৩. বিস্তারিত ছবি থেকে যে কোনো একটি ছবি ক্লিক করে সিলেক্ট করুন। পছন্দের ছবিটি ডকুমেন্টে স্থাপিত হবে।

Drawing করা

ডকুমেন্টকে সুন্দরভাবে সাজানোর জন্য অনেক সময় বিভিন্ন ধরনের Line, Shapes, Box, Text Box, কালার পরিবর্তন ইত্যাদির প্রয়োজন হয়। রিবনবারে Insert ট্যাব থেকে বিভিন্ন ধরনের ড্রয়িং করা যায়। নিচের কমান্ডগুলো ধারাবাহিকভাবে ব্যবহার করুন।

Shape সংযোজন

১. Insert ট্যাবে Illustration কমান্ডগ্রুপের Shapes বাটনে ক্লিক করুন, প্রচুর Auto Shapes সেপ পাওয়া যাবে।




Fig. 4.1.

২. এখান থেকে যে কোনো সেপ সিলেক্ট করে ডকুমেন্টে ড্রাগ করুন। সেপটি ডকুমেন্টে আসবে।

৩. লক্ষ্য করুন, সেপটি আঁকার সাথে সাথে রিবনবারে Format নামক একটি নতুন ট্যাব তৈরি হয়েছে।

Format নামক এই ট্যাব থেকে সেপকে নানাভাবে ফরমেটিং করা যায়।

নতুন Rectangle বা Square আঁকা

১. একইভাবে Insert ট্যাবে Illustration কমান্ডগ্রুপের Shapes বাটনে ক্লিক করুন। ড্রপ ডাউনে Line টুলের পরের টুল অর্থাৎ Rectangle টুলে () থেকে যেকোনো একটি Rectangle এ ক্লিক করুন।




Fig. 4.2

২. ডকুমেন্টের উপর মাউস পয়েন্টার নিলে একটি প্লাস সাইন (+) (Canvas এর বাইরে) আসবে।

৩. যেখান থেকে আঁকা শুরু করতে চান সেখানে প্লাস সাইন (+) এনে ক্লিক করে মাউস বাটন না ছেড়ে প্রথমে নিচের দিকে এবং

পরে ডানদিকে ড্রাগ করতে থাকুন। একটি Rectangle সেপ তৈরী হলে মাউস বাটন ছেড়ে দিন।

নিচে/উপরে ড্রাগ করলে Rectangle এর উচ্চতা (প্রস্থ) এবং ডানে/বামে ড্রাগ করতে থাকলে দৈর্ঘ্য নির্ধারিত হয়। কীবোর্ড থেকে Shift কী প্রেস করে ড্রাগ করতে থাকলে দৈর্ঘ্য এবং প্রস্থের অনুপাত সমান থাকে অর্থাৎ Square তৈরী হয়।

নতুন Oval বা Circle আঁকা

১.একই প্রক্রিয়ায় Insert ট্যাবের Shapes বাটনে Ovals টুল থেকে যে কোনো একটি Oval এ () ক্লিক করুন। ডকুমেন্টের উপর পয়েন্টার আনলে প্লাস সাইনে (+) রূপান্তরিত হবে।

২.যেখান থেকে আঁকা শুরু করতে চান সেখানে প্লাস (+) সাইন এনে ক্লিক করে মাউস বাটন না ছেড়ে প্রথমে নিচের দিকে এবং পরে ডানদিকে ড্রাগ করতে থাকুন। একটি Oval সেপ তৈরী হলে, মাউস বাটন ছেড়ে দিন।




Fig. 4.3

কীবোর্ড থেকে Shift কী প্রেস করে ড্রাগ করলে ওভালের দৈর্ঘ্য প্রস্থের অনুপাত সমান থাকে অর্থাৎ Circle তৈরী হয়।

ড্রয়িংকে সিলেক্ট ও মুভ করা

১.যে কোনো একটি ড্রয়িং আঁকুন যেমন একটি Rectangle। এখন এটি সিলেক্ট না থাকলে ক্লিক করে সিলেক্ট করুন। চারদিকে এবং মাজে ছোট ক্ষুদ্রাকৃতি মোট ৮টি চারকোণা বা গোল বক্স আসবে। এই বক্স আসলে বুঝতে হবে অবজেক্টটি সিলেক্ট আছে। অবজেক্ট এর উপর ক্লিক করলে অবজেক্ট সিলেক্ট হয় আবার বাইরে ফাঁকা জায়গায় ক্লিক করলে সিলেকশন বাতিল হয়। অর্থাৎ ক্ষুদ্র বক্সগুলি আর থাকে না। মনে রাখবেন Text এর ক্ষেত্রে সিলেক্ট করলে কালো রঙের মধ্যে সাদা লেখা আসে। ড্রয়িং অবজেক্ট সিলেক্ট করলে ৮টি সাদা ছোট চারকোণা বক্স বা গোল আসে। এই বক্সগুলিকে Sizing Handle বলে।

অবজেক্ট সিলেক্ট থাকা অবস্থায় এর মধ্যে কার্সর নিলে চারমাথা ওয়ালা একটি সাইন () আসে। এই অবস্থায় ক্লিক করে, বাটন না ছেড়ে ড্রাগ করে অবজেক্টটি একস্থান হতে অন্য স্থানে মুভ করুন।




Fig. 4.4.

পছন্দের মতো জায়গায় মুভ হলে মাউস বাটন ছেড়ে দিন।

আঁকা সেপকে ছোট/বড় করা

সেপ আঁকার পরে সেপকে ছোট বড় করার দরকার হতে পারে।

১.Insert ট্যাবের Shapes বাটনে Rectangle টুল থেকে যে কোনো একটি Rectangle সেপ আঁকুন।

২.সেপটি সিলেক্ট না থাকলে ক্লিক করে সিলেক্ট করুন।




Fig. 4.5

চার কর্ণারের চারটি এবং মাঝে আরও চারটি মোট ৮টি ক্ষুদ্রাকৃতি বক্স বা গোল চিহ্ন আসবে। যে কোনো বক্সের উপর কার্সর নিলে দ্বিমুখী তির চিহ্নে পরিণত হবে। এখন ড্রাগ করলে এটি ছোট বড় হবে।

৩.নিচের ডানদিকের কর্ণারে মাউস পয়েন্টার রাখুন দ্বিমুখী তির আসবে।




Fig. 4.6

৪.দ্বিমুখী তির এলে মাউস ক্লিক করে বাটন না ছেড়ে ভিতরের দিকে ড্রাগ করুন। সেপটি ছোট হবে।




Fig. 4.7

৫.আবার নিচের ডানদিকের কর্ণারে মাউস পয়েন্টার রাখুন, দ্বিমুখী তির এলে মাউস ক্লিক করে বাটন না ছেড়ে বাইরের দিকে ড্রাগ করুন। সেপটি বড় হবে।

এভাবে শুধুমাত্র উচ্চতায় ছোট/বড় করতে চাইলে উপরে বা নিচের দিকের মধ্যে পয়েন্টার কার্সর নিয়ে ড্রাগ করুন। শুধুমাত্র প্রস্থে ছোট/বড় করতে চাইলে ডানে বা বামের মধ্যেপয়েন্টার কার্সর নিয়ে ড্রাগ করুন।

Text বক্স এঁকে টেক্সট লেখা

১.পূর্বের প্রক্রিয়ায় Insert ট্যাবের Shapes বাটন থেকে Textbox টুলে ক্লিক করুন।




Fig. 4.8

২.ডকুমেন্টের উপর পয়েন্টার আনলে প্লাস সাইনে (+) রূপান্তরিত হবে।

যেখান থেকে Text বক্স শুরু করতে চান সেখানে পয়েন্টার নিয়ে মাউস বাটন ক্লিক করে, না ছেড়ে, প্রথমে নিচের দিকে এবং পরে ডানদিকে ড্রাগ করতে থাকুন। Rectangle এরিয়া তৈরি হলে মাউস বাটন ছেড়ে দিন।




Fig. 4.9

ভিতরে কার্সরসহ একটি Text বক্স আসবে। এখানে টেক্সট লিখে এবং Block করে Size, Font, Color ইত্যাদি পরিবর্তন করা যাবে। যদি টেক্সট বক্সের মধ্যে Text না আঁটে তবে Text বক্সের লাইনের উপর ক্লিক করে সিলেক্ট করুন। ৮টি Sizing Handle আসলে যে কোনো Handle এ পয়েন্টার রেখে এবং ড্রাগ করে Boxটি বড় করে নিন।

অথবা

১.Insert ট্যাবে ক্লিক করে Textbox সিলেক্ট করুন। ড্রপ ডাউন থেকে Draw Textbox সিলেক্ট করুন।




Fig. 4.10

Auto Shape তৈরী করা

১. Insert ট্যাবে ক্লিক করে Shapes বাটন সিলেক্ট করুন। লক্ষ্য করুন, বিভিন্ন ধরনের Auto Shape অপশন আসবে।

যেমন : Lines, Basic Shapes, Block Arrows, Flowchart, Stars and Banners এবং Callouts। প্রত্যেকটি অপশনে ডানদিকে একটি ছোট ত্রিভুজ আছে, ক্লিক করলে আরও অপশন আসবে। আঁকার পরও এই সেপের লাইনের স্টাইল, কালার, Fill কালার ইত্যাদি পরিবর্তন করা যাবে। এ বিষয়ে নিচে আলোচনা রয়েছে।

Lines

এই টুল দিয়ে বিভিন্ন ধরনের লাইন (সোজা বা আঁকা-বাঁকা) তির বা ইচ্ছামতো ছবি আঁকার জন্য Free ড্রয়িং করা যায়।

১. Shapes টুলের Lines অপশনে ক্লিক করুন। বিভিন্ন ধরনের অপশন আসবে।




Fig. 4.11

২.এখান থেকে একে একে সব কয়টি টুল সিলেক্ট করুন এবং ডকুমেন্টে কার্সর নিলে প্লাস সাইন আসবে (+) Canvas এর বাইরে ড্রাগ করে ইচ্ছামতো সেপ তৈরী করুন।

Rectangles

এই অপশন থেকে বিভিন্ন ধরনের Rectangle আঁকা যায়।

১.Shapes বাটনের Rectangle অপশনে ক্লিক করুন। বিভিন্ন ধরনের Rectangle অপশন পাওয়া যাবে।

Basic Shapes

বেসিক সেপ যেমন— Rectangle, Ellipse, Circle, Triangle, চাঁদ, সূর্য, Love ইত্যাদি বিভিন্ন সেপ আঁকা যায়।

১.Shapes বাটনের Basic Shapes অপশনে ক্লিক করুন। আরও সেপ আসবে।




Fig. 4.12

২.এখান থেকে যে কোনো সেপ সিলেক্ট করুন এবং ডকুমেন্টে ড্রাগ করে পছন্দের সেপটি তৈরি করুন। একটি আঁকা হলে আরেকটি আঁকুন। এভাবে সবগুলি আঁকে দেখুন।

Flowcharts

Flowcharts অপশনে ক্লিক করলে বিভিন্ন ধরনের Flowchart আসবে। এখান থেকে প্রয়োজনীয়টি বেছে নিয়ে আঁকা যায়।

১.Shapes বাটনে ক্লিক করুন। প্রচুর Flowcharts আসবে। যে কোনো একটি ক্লিক করে ডকুমেন্টের ফাঁকা জায়গায় ড্রাগ করুন। Flowchartsটি আঁকা হবে। একে একে সবগুলি আঁকে দেখুন।




Fig. 4.13

Stars and Banners

এই অপশনেও Star এর বিভিন্ন কোনা সম্বলিত এবং অনেক ডিজাইনের Banner আঁকা রয়েছে। প্রয়োজনীয়টি বেছে নিয়ে আঁকা যাবে।

১.Shapes বাটনে ক্লিক করুন। অনেকগুলো Star এবং Banner আসবে। যে কোনো একটি Star বা Banner সিলেক্ট ডকুমেন্টের

ফাঁকা স্থানে Canvas-এর বাইরে ড্রাগ করলে সেপটি আঁকা হবে। একে একে সবগুলি এঁকে দেখুন।



Fig. 4.14

Callouts

কার্টুন বা কোনো মন্তব্য সংযোজনের জন্য এখানে রয়েছে প্রচুর Callouts।

১. Shapes বাটনের Callouts অপশনে ক্লিক করে পছন্দেরটি বেছে নিন এবং ডকুমেন্টের ফাঁকা স্থানে ড্রাগ করে সেপটি আঁকুন।



Fig. 4.15

২. সেপের মাঝে কার্সর অবস্থান করবে। প্রয়োজনীয় মন্তব্য Keyboard থেকে টাইপ করে দিন।

Line কালার পরিবর্তন

১. একটি Auto Shape, Rectangle, Word Art বা Line তৈরী করুন। ক্লিক করে Drawingটি সিলেক্ট করুন।




Fig. 4.16

২. Drawingটি ক্লিক করে সিলেক্ট করার সাথে সাথে Format নাম নতুন একটি ড্রয়িং টুল রিবন তৈরি হবে। Format টুল রিবনটিতে ক্লিক করুন। এই টুল রিবন থেকে ড্রয়িংকে নানাভাবে ফরমেটিং করা যাবে।

আমরা Shape Fill অপশনে ক্লিক করে সেপের ডিফল্ট কালারকে No Fill করে দেব, যার ফলে আমরা লাইনের কালার পরিবর্তন ভালভাবে বুঝতে পারব।

৩. Shape Fill অপশনে ক্লিক করুন। অনেক কালার অপশন আসবে।




Fig. 4.17




Fig. 4.18

No Fill অপশনে ক্লিক করুন। Fill কালার চলে যাবে। এবার আমরা লাইন কালারের পরিবর্তন ভালভাবে বুঝতে পারব।

৪. অটোসেপটি সিলেক্ট থাকা অবস্থায় Format টুল রিবনের Shape Outline অপশনে ক্লিক করুন। অনেক কালার অপশন আসবে। ড্রয়িং করা

১. যে কোনো কালারের উপর ক্লিক করে প্রয়োজনীয়টি বেছে নিন অথবা আরও বেশি কালার পেতে চাইলে Color বক্সের নিচের

দিকে অবস্থিত More Outline Colors... অপশনে ক্লিক করুন।

২. আবারও নতুন Color বক্স আসবে। কালারের বক্সের উপর প্লাস সাইনটি মাউস পয়েন্টারের সাহায্যে ঘুরিয়ে পছন্দমতো কালার বেছে নিন।




Fig. 4.19

লক্ষ্য করুন, লাইন কালার পরিবর্তন হয়েছে।

Line Style

Auto Shape সহ যে কোনো সেপ বা লাইনের যেমন কালার পরিবর্তন করা যায় তেমনি লাইনের স্টাইলও পরিবর্তন করে Dot, Dash, ডাবল ইত্যাদি করা যায়।

১. একটি Auto Shape, Rectangle, Word Art বা Line তৈরী করুন।

২. ক্লিক করে সেপটি সিলেক্ট করুন।

ড্রয়িং করা

আগেই বলেছি Drawingটি ক্লিক করে সিলেক্ট করার সাথে সাথে Format নামে নতুন একটি ড্রয়িং টুল রিবন তৈরি হবে। এই টুল রিবন থেকে ড্রয়িংকে নানাভাবে ফরমেটিং করা যাবে।

১. Format টুল রিবন থেকে Shape Outline অপশনে ক্লিক করুন। Weight অপশনে ক্লিক করে 6pt. সিলেক্ট করুন।




Fig. 4.20

দেখুন, সেপটির লাইন মোটা হয়েছে। এবার আমরা সেপটি লাইনে Style সংযোজন করব।

Drawing করা

১. Insert মেনু Menu Shapes option থেকে একটি shape draw করুন।
২. Weight অপশনে ক্লিক করে More Lines এ ক্লিক করুন। Format Shape নামক ডায়াল* বক্স আসবে।




Fig. - 5.1

৩. Compound type অপশনের ড্রপ ডাউনে ক্লিক করুন। যে কোন একটি Style বেছে নিন। সিলেক্ট করা সেপের লাইন পরিবর্তিত হবে।

ড্রয়িং করা

Dashed Style

১. একইভাবে বিভিন্ন ধরনের স্ত্র দেওয়া যায়।
 ২. একইভাবে একটি Auto Shape, Rectangle, Word Art বা Line তৈরী করুন।
 ৩. ক্লিক করে সেপটি সিলেক্ট করুন।
 ৪. Format টুল রিবন থেকে Shape Outline অপশনের ড্রপ ডাউনে Dash অপশনে ক্লিক করুন। অনেক ধরনের Dash স্টাইল আসবে।
 ৫. প্রয়োজনীয়টিতে ক্লিক করুন।
- সিলেক্ট করা সেপের লাইন পরিবর্তিত হবে।




Fig. - 5.2

Arrow Style

Line টুল দিয়ে লাইন আঁকলে কোন Arrow থাকে না। অপর দিকে Arrow টুল দিয়ে Arrow তৈরী করলে মাত্র একটিই Style আসে। আমরা Line বা Arrow কে বিভিন্ন ধরনের Arrow তে পরিবর্তিত করতে পারি।

১. Insert রিবনে Shapes বাটন থেকে একটি Line বা Arrow তৈরী করুন।
২. ক্লিক করে সেপটি সিলেক্ট করুন।
৩. Format টুল রিবন থেকে Shape Outline অপশনের ড্রপ ডাউনের শেষ অপশন Arrow তে ক্লিক করুন।




Fig. - 5.3

৪. অনেক ধরনের এবং বিভিন্নমুখী Arrow অপশন আসবে পছন্দেরটি বেছে নিন। সিলেক্ট করা Line বা Arrow টি পরিবর্তিত হবে। ভালোভাবে বোঝার জন্য Weight অপশন থেকে Weight বাড়িয়ে নিন।

ড্রয়িং করা

Fill Colour পরিবর্তন

সাধারণত কোন Auto Shape বা সেপ আঁকলে ডিফল্ট কালার অনুসারে Fill (ভিতরের) এবং Stroke (লাইন) এর কালার হয়। ডিফল্ট কালার হিসাবে Fill কালার থাকে নীল এবং Line কালার থাকে কাল। Shape Fill কালার অপশনের মাধ্যমে এই কালার পরিবর্তন করা যায়। আমরা ইতিমধ্যেই কিভাবে Line Colour পরিবর্তন করতে হয় সেটি শিখেছি। এছাড়া Word Art এর ক্ষেত্রে বিভিন্ন ধরনের কালার, স্যাডো ইত্যাদি সিলেক্ট থাকে।

১. একটি Auto Shape (Star), Rectangle, Word Art বা Oval তৈরী করুন। লক্ষ্য করুন এর Line কালার কাল (Black) এবং Fill কালার নীল আছে।
২. ক্লিক করে ড্রয়িংটি সিলেক্ট করুন।
- যথারীতি Format নামক টুল রিবন তৈরী হবে।
৩. Format টুল রিবনের Shape Fill অপশনের ডানের ডাউন অ্যারো ক্লিক করে সিলেক্ট করুন। অনেক কালার অপশন আসবে।
৪. যে কোন কালারের উপর ক্লিক করে প্রয়োজনীয়টি বেছে নিন। সিলেক্ট করা সেপের ভিতরের কালার পরিবর্তিত হবে।




Fig. - 5.4

অথবা

৫. আরও বেশী কালার পেতে হলে Color বক্সের নিচের দিক থেকে More Fill Color ... অপশনে ক্লিক করুন।
৬. আবারও নতুন Color Box আসবে। Color Box এর প্লাস সাইনটিকে মাউস পয়েন্টার দিয়ে প্রয়োজনীয় কালারের উপর নিন। শেষে কালার বক্স OK করুন।

লক্ষ্য করুন, আপনার সিলেক্ট করা অবজেক্টের ভিতরের কালার পরিবর্তিত হয়েছে।

ড্রয়িং করা

Gradient, Texture, Pattern এবং Picture দিয়ে Fill করা




Fig. - 5.5

(ক) Gradient

১. Gradient কালার পেতে হলে Shape Fill অপশনের ড্রপ ডাউন থেকে Gradient অপশনে ক্লিক করুন।
 ২. ইচ্ছে মত কালার পেতে চাইলে More Gradient অপশনে ক্লিক করুন। Gradient কালার স্কেল আসবে। কালার স্কেলের উপর ক্লিক করে ইচ্ছে মত কালার নিন।
- প্রয়োজন হলে স্কেলের উপর মাউস দিয়ে ক্লিক করে আরো Gradient কালার তৈরী করতে পারেন। Gradient দিয়ে সেপটি পূর্ণ হতে পারে।

(খ) Pattern




Fig. - 5.6

Pattern দিয়ে Shape কে Fill করতে হলে Color বক্সের নিচের দিক থেকে Pattern অপশনে ক্লিক করুন।

Foreground ও Backgroundএ ইচ্ছেমত কালার নিন। যেকোন একটি স্টাইলে ক্লিক করুন। তুটি কালারের Pattern দিয়ে সেপটি পূর্ণ হবে।

(*) Texture




Fig. - 5.7

Texture দিয়ে Shape কে Fill করতে হলে Shape Fill অপশনের ড্রপ ডাউন থেকে Texture অপশনে ক্লিক করুন।

1. Texture দিয়ে Shape টি Fill হবে।

(ঘ) Picture




Fig. - 5.8

2. Picture দিয়ে Shape কে Fill করতে হলে Shape Fill অপশনের ড্রপ ডাউন থেকে Picture অপশনে ক্লিক করুন।

3. Insert Picture ডায়াল* বক্স থেকে পছন্দমত Picture নিয়ে OK করুন। Picture দিয়ে Shape টি Fill হবে।

Shadow Effect

বিভিন্ন ধরনের সেপে Shadow ইফেক্ট দেওয়া সম্ভব। Shadow ইফেক্ট দেওয়ার পরন্তু Shadow -র দূরত্ব ডাইরেকশন কালার ইত্যাদি পরিবর্তন করা সম্ভব। নিচের কমান্ড প্রয়োগ করুন।

১. একটি Auto Shape (Star), Rectangle, Oval বা Word Art তৈরী করুন।




Fig. - 5.9

২. ক্লিক করে ড্রয়িংটি সিলেক্ট করুন।

3. Format টুল ট্যাবের Shape Effect অপশন থেকে Shadow ক্লিক করুন। বিভিন্ন ধরনের Shadow Effect থাকবে।

৪. যে কোন একটি Shadow Style এ ক্লিক করে সিলেক্ট করুন। নতুন Style টি আপনার সিলেক্ট করা ড্রয়িং-এ যুক্ত হবে।

Clip Art এর Picture এর উপরন্তু Shadow Effect সংযোজন করা যাবে।

Shadow Option

Shadow Style এর নিচের দিকের অপশন থেকে Shadow Option ... এর উপর ক্লিক করুন।

Shadow সেটিং করার Option আসবে এবং বিভিন্ন ধরনের বাটনে বিভিন্ন অপশন থাকবে।

এই সমস্ত বাটন থেকে Shadow -র ডাইরেকশন, মূল অবজেক্ট থেকে Shadow -র দূরত্ব, কালার ইত্যাদি পরিবর্তন করা যাবে।

ড্রয়িং করা

Reflection

একইভাবে বিভিন্ন ধরনের সেপে Reflection ইফেক্ট দেওয়া সম্ভব।

নিজে নিজে বিভিন্ন অপশন প্রয়োগ কর দেখুন।




Fig. - 5.10

Glow

একইভাবে বিভিন্ন ধরনের সেপে Reflection ইফেক্ট দেওয়া সম্ভব।

Soft Edges Effect

একইভাবে Soft Edges ইফেক্ট দিন।




Fig. - 5.11

Bevel

এই ইফেক্ট দিলে সেপ ফুলে ভুঠে।




Fig. - 5.12

ড্রয়িং করা

3-D Rotation

এই অপশন দ্বারা সেপকে 3-D Rotation এ ঘোরানো যায়।




Fig. - 5.13

Word Art

Document এর হেডিং বা মাঝে মাঝে কিছু অংশ যদি একটু ডিজাইন করে দেওয়া যায় তাহলে Document টা দেখতে সুন্দর লাগে*। আর

MS Word এ Word Art এর দারুন ব্যবস্থা রয়েছে। সাধারণত Word Art টুলবারের সমস্ত টুল অফ অবস্থায় থাকে যদি কোন Word Art তৈরী করা হয় তখন টুলগুলো সচল থাকে এবং তৈরী করা Word Art কে আবারও বিভিন্নভাবে Edit করা যায়। Word Art আনার জন্য নিচের কমান্ডগুলো ফলো করুন।




Fig. - 5.14

1. Insert ট্যাবের Text Box পরবর্ত্তী ডানদিকে হেলানো টুল অথবা Word Art টুল এ ক্লিক করুন। বিভিন্ন ডিজাইন সমৃদ্ধ Word Art Gallery আসবে। এখান থেকে যে কোন ডিজাইন সিলেক্ট করা যায়।
2. যে কোন একটি ডিজাইন ক্লিক করে সিলেক্ট করুন। এখন আপনার সামনে Word Art Text বক্সটি আসবে। Your Text Here কথাটি লেখা থাকবে।
3. Your Text Here লেখাটি মুছে 'Nova' লিখুন এবং OK বাটনে ক্লিক করুন। কাঙ্ক্ষিত ডিজাইন এসে যাবে।




Fig. - 5.15

Word Art টি ক্লিক করে সিলেক্ট করলে ৮ টি Sizing Handle আসবে। যে কোন কণ্ঠের Handle এর উপর পয়েন্টার আনলে পয়েন্টারটি দ্বিমুখী তীর চিহ্ন পরিণত হবে। এখন ভিতরের দিকে ড্রা* করলে Art টি ছোট হবে এবং বাইরের দিকে ড্রা* করলে Art টি বড় হবে। Word Art এর ভিতরে পয়েন্টার নিলে চারদিকে তীর চিহ্নসহ সম্বল আসবে। এখন Art টিতে ক্লিক করে বাটন না ছেড়ে ড্রা* করতে থাকলে এটি মুভ হবে।

ড্রয়িং করা

Word Art রিবন ট্যাবের ব্যবহার

যদি কোন Word Art তৈরী করা হয় বা সিলেক্ট করা হয় তখন Word Art রিবন ট্যাব প্রদর্শিত হয়।

Word Art তৈরী করার পরে Word Art রিবন ট্যাব ব্যবহার করে এ বিভিন্ন ধরনের এডিট করা যায়।



Fig. - 5.16

Shape Edit করা

১. কোন Word Art এর Shape পরিবর্তনের জন্য এই টুল ব্যবহার করা হয়।

২. বিভিন্ন ধরনের Edit যেমন : Shape Fill অপশনে ক্লিক করুন। অনেক কালার অপশন আসবে। Shape Outline অপশনে ক্লিক করুন। অনেক Outline অপশন আসবে। Shape Effect অপশনে ক্লিক করুন। বিভিন্ন ধরনের Effect আসবে। পছন্দেরটি ক্লিক করে OK করুন।

Text Edit করা

৩. কোন Word Art এর Text পরিবর্তনের জন্য এই টুল ব্যবহার করা হয়।

৪. বিভিন্ন ধরনের Edit যেমন : Text Fill অপশনে ক্লিক করুন। অনেক অপশন আসবে। Text Outline অপশনে ক্লিক করুন। অনেক Outline অপশন আসবে। Text Effect অপশনে ক্লিক করুন। বিভিন্ন ধরনের Effect আসবে। পছন্দেরটি ক্লিক করে OK করুন।

Text Transform

কোন Word Art এর Effect পরিবর্তনের জন্য এই টুল ব্যবহার করা হয়। বিভিন্ন ধরনের Effect যেমন: Shadow, Reflection, Glow, Bevel, 3-D Rotation, Transform দেয়া যায়।

১. RK লেখা Word Art টি সিলেক্ট করুন এবং Format টুল ট্যাব থেকে Text Effect অপশনে ক্লিক করুন। বিভিন্ন ধরনের Effect আসবে।

২. পছন্দের Effect এ ক্লিক করে OK করুন।

নিজে নিজে প্রত্যেকটি Effect দিয়ে দেখুন।

Pictuer ও Clip Art

ডকোমেন্টে Pictuer সংযোজন

ডকোমেন্টে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রয়োজনে Pictuer (ছবি) সংযোজনের দরকার হতে পারে। Word এ খুব সহজেই ছবি আনা যায় এবং ছবি আনার পর এডিট করা যায়। সাধারণত দুই ধরনের ছবি ব্যবহৃত হয়। একটি হচ্ছে Clip Art অথবা ড্রয়িং Art এই ছবিগুলো কম্পিউটারে আঁকা হয় এবং বিভিন্ন অংশে বিভক্ত। আমরা ইতি মধ্যেই ড্রয়িং টুলবার সম্বন্ধে বিস্তারিত জেনেছি। ড্রয়িং টুলবারের মাধ্যমে ছবি এঁকে রেখে দেওয়া যায়। এছাড়া অন্য ছবিগুলোর নাম ইমেজ। ইমেজ সাধারণত ফটোগ্রাফিকে স্ক্যানার নামে বিশেষ যন্ত্রের মাধ্যমে কম্পিউটারে আনা হয়।

Word বা Office এর সাথে Clip Art নামের একটি ছোট Clip Art Gallery প্রোগ্রামে নামে ছবি রাখা হয়। Clip Art Gallery তে বিভিন্ন ধরনের Pictuer বা Art ছাড়াও Sound এবং Video ফাইল থাকতে পারে। আমাদের কম্পিউটারে সংগৃহ করে রাখা বিভিন্ন Pictuer, Sound বা Video ফাইল Clip Art Gallery দে নাহু থাকতে পারে। এক্ষেত্রে Clip Art Gallery তে নতুন আইটেম সংযুক্ত করা যায়। আবার Gallery দে সংযুক্ত অপ্রয়োজনীয় ফাইলগুলোকে বাদ দেওয়া যায়। Internet থেকে ডাউনলোড করা Pictuer, Sound বা Video কে ত্ত Clip Art এ সংযুক্ত করা যায়। Clip Art Gallery দে অবজেক্ট সংযুক্ত করা বা বাদ দেওয়া প্রসঙ্গে পরবর্তীতে বিস্তারিত আলোচনা করা হয়েছে। আপাতত ছবি আনা এবং ব্যবহার পদ্ধতি নিয়ে আলোচনা করা হলো।

Clip Art আনা




Fig. - 6.1

Insert ট্যাবে Illustrations কমান্ড গ্রুপের Clip Art অপশনে ক্লিক করুন। একটি Task Pane আসবে। Task Pane এ Search for এর ডানে Go বাটনে ক্লিক করুন। Task Pane এর নিচের দিকে বিভিন্ন ধরনের ছবি আসবে। পিকচার ত্ত ক্লিপআর্টস্ট

৩. বিস্তারিত ছবি থেকে যে কোন একটি ছবি ক্লিক করুন বা ডাবল ক্লিক করুন। পছন্দের ছবিটি ডকোমেন্টে স্থাপিত হবে। লক্ষ্য করুন, Format নামক একটি নতুন ট্যাব আসবে এবং এই ট্যাবে অনেক কমান্ড গুপ পান্তয়া যাবে।

৪. শেষে Close (X) বাটনে ক্লিক করে Gallery বন্ধ করুন।

Image আনা



Fig. - 6.2

আমি বলেছি Clip Art ছাড়া MS-Word এ ইমেজ আনা যায়। নিচের কমান্ডগুলো ফলো করুন।




Fig. - 6.3

Steps

1. Insert ট্যাবে ক্লিক করুন এবং Pictuer অপশনে ক্লিক করুন। Insert Pictuer ডায়াল* বক্স আসবে।

এই ডায়াল* বক্স থেকে আপনার ছবির ফাইলের অবস্থান (ড্রাইভ এবং লোকেশনসহ) সিলেক্ট করতে হবে। আপনার কম্পিউটারে কোন ফোল্ডারের মধ্যে ছবি আছে সেটি আন্ডা থেকেই জেনে নিতে হবে। মনে করি E : ড্রাইভে Collection নামের ফোল্ডারের মধ্যে Pictuer নামের আরম্ভ একটি সাবফোল্ডারের মধ্যে Image 01, Image 02 ইত্যাদি নামে ছবি আছে। সেক্ষেত্রে নিচের কমান্ডগুলো প্রয়োগ করুন।

2. Insert Pictuer ডায়াল* বক্সের উপরে বামদিকে Look in বক্সের ডানে অবস্থিত ডাউন অ্যারো (নিম্নমুখী তীর) তে ক্লিক করুন। ড্রাইভ এবং ফোল্ডারের নাম আসবে। (প্রয়োজনে My Document থেকে My Pictuer সিলেক্ট করুন)।

3. প্রথম E : ড্রাইভে ক্লিক করুন। এই ড্রাইভের ফোল্ডারের নাম আসবে এখান থেকে Collection ফোল্ডারে ডাবল ক্লিক করুন। এই ফোল্ডারের মধ্যে অবস্থিত সাব ফোল্ডারের নাম আসবে।

4. এখান থেকে Pictuer সাব ফোল্ডারে ডাবল ক্লিক করুন। বাম দিকে ইমেজগুলোর নামের লিস্ট আসবে।

5. এখান থেকে যে কোন ফাইল সিলেক্ট করলে ডান দিকে ছবি আসবে (Insert Pictuer ডায়াল* বক্সের ডানদিকের শেষ বাটন views বাটনের ড্রপ ডাউন থেকে Preview অপশন সিলেক্ট থাকতে হবে) একটি ফাইল সিলেক্ট করে Insert বাটনে ক্লিক করুন।

Word ডকুমেন্টে ছবিটি দেখা যাবে।

Pictuer কে মুভ করা

ডকুমেন্টে অবস্থিত যে কোন ছবিকে একস্থান থেকে অন্যস্থানে সরানোর দরকার হতে পারে। এজন্য নিচের কমান্ডগুলো প্রয়োগ করুন।

1. মাস পয়েন্টার দ্বারা ক্লিক করে ছবিটি সিলেক্ট করুন। এখন ছবির মধ্যে যে কোন স্থানে পয়েন্টার নিলে পয়েন্টার এর সাথে একটি চতুর্ভুজ অ্যারো তৈরি হবে।




Fig. - 6.4

2. Pictuer টি সিলেক্ট করার সাথে সাথে রিবনবারে Format নামক একটি নতুন ট্যাব আসবে।

3. Format ট্যাবে ক্লিক করুন। এই ট্যাবে অনেক কমান্ড গুচ্ছ পাওয়া যাবে। Wrap Text নামক অপশনে ক্লিক করুন।

4. Wrapping Style অপশন থেকে দ্বিতীয় অপশন অর্থাৎ Square এ ক্লিক করে OK করুন।

5. এখন Pictuer এর মধ্যে পয়েন্টার নিলে চতুর্ভুজ অ্যারো আসবে। চতুর্ভুজ অ্যারো আসলে ক্লিক করে ছবিটিকে উপরে, নিচে, বামে বা ডানে যদিকে ইচ্ছা মুভ করানো যায়।

6. ক্লিক করে এবং ড্রাগ করে Pictuer টি মুভ করুন। কাঙ্ক্ষিত স্থানে পৌঁছালে মাউস পয়েন্টার ছেড়ে দিন। ছবিটি স্থানান্তরিত হবে।

Pictuer ছোট / বড় করা

ইতি মধ্যেই আমরা ড্রয়িং টুলবার থেকে আঁকা বিভিন্ন ধরনের ড্রয়িংকে ছোট / বড় করার প্রক্রিয়া শিখেছি। MS Word এ আনা ছবিকেও (Clip Art বা Image) সহজেই ছোট / বড় করা যায়। নিচের কমান্ডগুলো প্রয়োগ করুন।

1. Insert > Pictuer বা Insert > Clip Art কমান্ড দিয়ে যে কোন একটি ইমেজ আনুন।

এখন ছবিটিকে Block / Select করতে হবে। (টেবুল কে Block করলে কাল রঙের বজ্ঞার আসে কিন্তু ছবিকে সিলেক্ট করলে ৮টি Sizing Handle আসে।)

২. মাউস পয়েন্টার দ্বারা Pictuer এর মাঝে ক্লিক করুন।

Pictuer এর চারদিকে (কণক্সরে এবং মাঝে) ৮টি ব্লক চিহ্ন (ছোট চারকোণা বা শেল বক্স) আসবে। এর প্রত্যেকটিকে Sizing Handle বলে।

মাউস পয়েন্টারকে যে কোন Handle এর উপর আনলে পয়েন্টার পড়িবতিষ্ঠত হয়ে দ্বিমুখী তীর চিহ্নে পরিণত হয়।

৩. যে কোন কণক্সর পয়েন্টে মাউস পয়েন্টার আনুন, দ্বিমুখী তীরে পরিণত হওয়ার পর মাউস বাটনে ক্লিক করে না ছেড়ে ড্রা* করুন। Pictuer ছোট / বড় হবে। ভিতরের দিকে ড্রা* করলে Pictuer ছোট হবে এবং বাইরের দিকে ড্রা* করলে Pictuer বড় হবে।

Pictuer এর অংশ বিশেষ কেটে ফেলা

ডকোমেন্টে Pictuer সংযোজনের পরে মনে হতে পারে অংশ বিশেষ দরকার নাই। এক্ষেত্রে অপয়োজনীয় অংশটুকু কেটে ফেলা যায়। Format ট্যাবের Crop কমান্ডের মাধ্যমে কাজটি হয়ে থাকে।




Fig. - 6.5

Steps

১. মাউস পয়েন্টার দিয়ে Pictuer এর মাঝে ক্লিক করে সিলেক্ট করুন।

আমরা আশেই জেনেছি, কোন Pictuer সিলেক্ট করলেই Format নামে একটি ট্যাব পাওয়া যাবে। Format ট্যাবে Crop নামের একটি কমান্ড আছে যার মাধ্যমে ছবির অংশ বিশেষ কেটে ফেলা

২. Format ট্যাবের শেষ টুল অথক্সর Crop অপশন সিলেক্ট করুন। পয়েন্টারটি ড্রপ আকৃতি ধারণ করবে।

৩. যে কোন একটি Handle এর উপর মাউস পয়েন্টার আনলে আকৃতি হবে। ক্লিক করে বাটন না ছেড়ে ড্রা* করুন। ছবির অংশ বিশেষ কেটে যাবে।

মনে করি, উপরোক্ত ছবিটি Crop অপশন দ্বারা কাটবে।

Pictuer এর অংশ বিশেষ বিভিন্ন সেপে কাটা

ডকোমেন্টে Pictuer সংযোজনের পরে Pictuer টিকে বিভিন্ন সেপে কাটা যায়। Format ট্যাবের Crop কমান্ডের মাধ্যমে এই কাজটিও হয়ে থাকে।

১. মাউস পয়েন্টার দিয়ে Pictuer এর মাঝে ক্লিক করে সিলেক্ট করুন।

২. লক্ষ্য করুন, Format ট্যাবের Crop অপশনের ড্রপ ডাউনে ক্লিক করলে অনেকগুলো অপশন পাওয়া যাবে। ২নং অপশন Crop to Shape এ ক্লিক করলে বিভিন্ন Auto সেপ পাওয়া যায়। এখান থেকে যেকোন একটি সেপ বেছে নেওয়া যায়।

বিভিন্ন সেপ নিয়ে বিশেষ অংশ কেটে দেখুন।

লক্ষ্য করুন, যে সেপে কাটা হবে পাশের Size (উপরেরটি Hieght, নিচেরটি Width) অংশে তার Size উল্লেখ থাকবে। চাইলে এখান থেকে আপনি আপনার কাঙ্ক্ষিত সেপটির Size পরিবর্তন করে নিতে পারেন।

Aspect Ratio

Aspect Ratio দ্বারা Pictuer কে বিভিন্ন মানে কাটা যায়।

Crop অপশনের ড্রপ ডাউন থেকে Aspect Ratio ক্লিক করুন। অনেক অপশন পাবেন। প্রথম অপশন Square (1.1) সিলেক্ট করুন।

দেখুন Pictuer টি চারপাশের মান হবে 1.1। অথক্সর Pictuer টি Square হয়ে কাটবে।

আবার যদি সিলেক্ট করি তাহলে

এভাবে বাকী অপশনগুলো প্রয়োগ করে দেখুন

ছবির উপরে লেখা

সাধারণত ছবির উপরে লেখা যায় না। কারণ ছবির উপরে কাসস্ট্র থাকে না। আমরা ইতিমধ্যেই Insert রিবনে Shapes বাটনে থেকে Text box ব্যবহার করে আলাদা টেক্সট লেখার প্রক্রিয়া শিখেছি। একইভাবে Text box এর মাধ্যমে Pictuer এ টেক্সট সংযোজন করা যায়।




Fig. - 6.7

Steps

1. Insert ট্যাবে ক্লিক করে Text box এর ড্রপ ডাউন থেকে Draw Text box এ ক্লিক করুন। কাসস্ট্র প্লাস সাইনে পরিবর্তিত হবে।
2. ডকুমেন্টের ফাঁকা স্থানে ক্লিক করে ড্রা* করুন। একটি Text বক্স তৈরী হবে এবং ভিতরে কাসস্ট্র অবস্থান করবে।
3. প্রয়োজনীয় টেক্সট লিখুন এবং টেক্সটটি সিলেক্ট করে Font এর Style, Color, Size ইত্যাদি সংযো* করুন। এখন Text বক্সের Line বাদ দিয়ে বক্সটিকে ড্রা* করে Pictuer এর উপর আনতে হবে।
4. Text box টির বাইরের দিকের আউট লাইনটি (বজ্জার) ক্লিক করে সিলেক্ট করুন। আউট লাইন (বজ্জার) টি হালকা কালারের ডটেড লাইন দিয়ে সিলেক্ট হবে।
5. Text box এ ক্লিক করার সাথে সাথে Format নামক নতুন ট্যাব তৈরী হবে। Format ট্যাব হতে Shape Fill অপশনে ক্লিক করুন। ড্রপ ডাউনে অনেক অপশন আসবে। এখান থেকে No Fill সিলেক্ট করুন।
6. আবার Format রিবনের Shape Outline অপশনের ড্রপ ডাউনে ক্লিক করে No Outline সিলেক্ট করুন।
7. মাউস পয়েন্টার Text বক্সের ভিতরে যে কোন জায়গায় এনে Text বক্সটি ড্রা* করে ছবির উপর বসিয়ে দিন।

Pictuer এর Brightness and Contrast পরিবর্তন করা

Format ট্যাব ব্যবহার করে Pictuer এর Brightness and Contrast পরিবর্তন করা যায়। চলুন নিচের কমান্ডগুলো প্রয়ো* করি।

Steps

1. আপনার পছন্দমত যেকোন একটি Pictuer এর মাঝে ক্লিক করে সিলেক্ট করুন।
2. Format ট্যাবটিতে ক্লিক করুন। ট্যাবের বাম দিকে Corrections অপশনের ড্রপ ডাউনে ক্লিক করলে বিভিন্ন Percentage এর Brightness and Contrast অপশন আসবে।
3. এখান থেকে যেকোন টি সিলেক্ট করুন। এভাবে সবগুলো অপশন প্রয়ো* করে দেখুন।

Pictuer কে জলছাপ তৈরী করা

ডকোমেন্টে একটি কালার ছবি সংযোজনের পরে মনে হতে পারে এটির কালার পরিবর্তন করে Black and White করতে হবে অথবা কালারের শক্ত কমিয়ে জলছাপ তৈরী করতে হবে। অনেক সময় দেখা যায় Writting প্যাডের মাঝে বা সার্টিফিকেটের মাঝে একটি জলছাপ থাকে এবং তার উপর লেখা হয়। Pictuer টুলবারের Image Control অপশন থেকে সহজেই জলছাপ তৈরী করা যায়।

এছাড়া ছবিকে Black & White এ রূপান্তরিত করলে ছবিটির কাল অংশে 100% Black এবং সাদা অংশে 100% White দিয়ে রূপান্তরিত হয়। আমরা যে সাদা কালো ফটোগ্রাফ দেখে থাকি সেটি সাধারণত Grayscale হয়ে থাকে। Grayscale এ রূপান্তরিত করলে সাদা এবং কালোর পরিমাণ 0% থেকে 100% এর মধ্যে যেখানে যেটুকু দরকার সেই পরিমাণে রূপান্তরিত হয়। নিচের কমান্ডগুলো প্রয়োগ করে ছবিকে জলছাপে রূপান্তরিত করা যাবে।

মাউস পয়েন্টার দ্বারা Pictuer এর মাঝে ক্লিক করে সিলেক্ট করুন। যথারীতি Format ট্যাব পান্ত্রা যাবে।

Format ট্যাবটিতে ক্লিক করুন। ট্যাবের বাম দিকে Corrections অপশনের নিচে Color অপশনে ক্লিক করুন। একটি ড্রপ ডাউন মেনু আসবে। ড্রপ ডাউনে Recolor অপশন থেকে Washout এ ক্লিক করুন।

দেখুন ছবিটি জলছাপে রূপান্তরিত হয়েছে।

Pictuer কে Black & White

১. একইভাবে মাউস পয়েন্টার দ্বারা Pictuer এর মাঝে ক্লিক করে সিলেক্ট করুন। যথারীতি Format ট্যাব পান্ত্রা যাবে।

Format ট্যাবটিতে ক্লিক করুন। ট্যাবের বাম দিকে Corrections অপশনের নিচে Color অপশনে ক্লিক করুন। একটি ড্রপ ডাউন মেনু আসবে। ড্রপ ডাউনে Recolor অপশন থেকে Black & White 50% এ ক্লিক করুন।

দেখুন ছবিটি Black & White রূপান্তরিত হয়েছে।

Tips : Color অপশন থেকে ছবিকে জলছাপ, Black & White করা ছাড়া Color Saturation বাড়ানো / কমানো, Color Tone বাড়ানো / কমানো, Grayscale Color (Automatic), বিভিন্ন Color সংযোগ ইত্যাদি করা যায়।

সবগুলো অপশনগুলো নিজে নিজে প্রয়োগ করে দেখুন।

Pictuer কে শুরুর অবস্থায় ফিরিয়ে নেয়া

Pictuer কে শুরুর অবস্থায় ফিরিয়ে নেয়ার জন্য নিম্নোক্ত কমান্ডগুলো অনুসরণ করুন।

১. একইভাবে মাউস পয়েন্টার দ্বারা Pictuer এর মাঝে ক্লিক করে সিলেক্ট করুন।

২. Format ট্যাবের বাম দিকে Color অপশনের নিচে Resert Pictuer এ ক্লিক করুন। ছবিটি আবার শুরুর অবস্থায় ফিরে যাবে।

টেবিল তৈরী করা

Document এ অনেক সময় Table বা ছকের প্রয়োজন হয়। আপনি খুব সহজেই MS Word এ টেবিল তৈরী করতে পারেন। টেবিল সাধারণত Column এবং Row তে বিভক্ত থাকে।

ভূমির সমান্তরাল বা পাশাপাশি সেলগুলিকে বা লাইনকে একসাথে Row বলে। অপর দিকে খাড়াখাড়া বা উপর থেকে নিচ পর্যন্ত সেলগুলিকে একসাথে Column বলে। প্রতিটি ঘরকে বলে। (Cell) রিবন থেকে কমান্ড দিয়ে টেবিল তৈরী করা যায়। আমরা এখন ৫টি Column এবং ৪টি Row (Line) সহ একটি টেবিল তৈরী করবো।




Fig. - 7.1

1. Insert রিবন থেকে Table এ ক্লিক করুন (Insert > Table)। কয়েকটি ঘরসহ টেবিল উইন্ডো আসবে।
2. Insert Table ডায়াল* বক্সে অনেকগুলো ছোট ছোট ঘর দেখা যাবে। যদ গুলো ঘরের উপর মাউস পয়েন্টার নেয়া হবে তত গুলো Column এবং Row ডকুমেন্টে দেখা যাবে। যত গুলো Column এবং Row বানাতে চান, তত *লো ঘরের উপর মাউস পয়েন্টার নিয়ে ক্লিক করুন।
3. মাউস পয়েন্টার ছকের বামদিকের প্রথম ঘরে ক্লিক করে বাটন না ছেড়ে নিচের দিকে ড্রা* করে ৪টি Row (ঘর) সিলেক্ট করুন এবং ডানদিকে ড্রা* করে ৬টি Column (ঘর) সিলেক্ট করে মাউস বাটন ছেড়ে দিন।

অথবা

টেবিল নিয়ে কাজ করা

4. ঘরগুলোর নিচের Insert Table নামক অপশনে ক্লিক করুন। Insert Table ডায়াল* বক্স আসবে।
5. Number of Columns এর ডানদিকের ঘরে ৬ টাইপ করুন (অথবা উর্ধ্বস্থায়ী অ্যারোতে ক্লিক করে ৬ আনুন)।
6. আবার Number of Row এর ডানদিকের ঘরে ৪ টাইপ করুন (অথবা উর্ধ্বস্থায়ী অ্যারোতে ক্লিক করে ৪ আনুন)। শেষে OK বাটনকে ক্লিক করুন।




Fig. - 7.2

৭. ৬টি কলাম এবং ৪টি Row (Line) সহ একটি টেবিল আসবে।

Draw Table




Fig. - 7.3

আপনি চাইলে টেবিলের Row এবং Column ঐকোন্ত নিতে পারেন।

এখন টেবিলের যে কোন ঘরে ক্লিক করে কাসক্টর আনুন এবং ডাটা টাইপ করতে থাকুন। একঘর থেকে অন্য ঘরে যাবার জন্য মাউস দিয়ে ক্লিক করুন অথবা কীবোর্ডট থেকে Tab কী প্রেস করুন।




Fig. - 7.4

টেবিলে ডাটা সংযোজন

টেবিলে ডাটা সংযোজনের সময় যদি সেলের থেকে ডাটা বড় হয়, তবে টেবিলটি ভেঙে পরের লাইনে চলে যায়। এ অবস্থায় দুইটি কলামের মাঝের লাইনে কাসক্টর আনলে একটি দ্বিমুখী তীর চিহ্নে পরিণত হয়। এই সময় ক্লিক করে মাউস বাটন ড্রা* করলে কলামের বা প্রতিটি সেলের প্রশস্ততা বেড়ে যাবে। লক্ষ্য করুন টেবিলে নিম্নোক্ত ডাটা সংযুক্ত করতে হবে।

Sl No.	Name	Address	Title
1	Bappi	Dhaka	Officer
2	Liton	Khulna	Peon
3	Asma	Rajbari	Director

Fig. - 7.5

চলুন নিজেরা করি

1. প্রথম Row এর প্রথম Cell এ ক্লিক করে কাসফ্লর রাখুন।
2. SI No টাইপ করে কী বোর্ড থেকে একবার Tab প্রেস করুন। একই Row দে পরবর্তীতে Cell এ কাসফ্লর অবস্থান করবে।
3. Name টাইপ করে আবার Tab প্রেস করে পরবর্তী Cell এ কাসফ্লর আনুন।
4. Address টাইপ করে আবার Tab প্রেস করে পরবর্তী Cell এ কাসফ্লর আনুন।
5. Title টাইপ করে এবং Tab প্রেস করে পরবর্তী Cell এ কাসফ্লর আনুন।
6. শেষে Salary টাইপ করে আবার Tab প্রেস করুন। কাসফ্লর পরবর্তী Row (Line) এর প্রথম Cell এ অবস্থান করবে। একই গিয়মে বাকী ডাটাগুলো টাইপ করুন।

টেবিলকে ছোট / বড় করা

অনেক সময় টেবিলকে ছোট / বড় (Cell এর অনুপাত ঠিক রেখে) করার প্রয়োজন পরে। এজন্য টেবিলের সাথে রক্ষিত Sizing Handle ব্যবহার করে এটি করা হয়।

1. টেবিলটি ক্লিক করে সিলেক্ট করুন।
2. লক্ষ্য করুন টেবিলের ডানদিকে নিচের কণ্ঠরে একটি ছোট চারকোণা বক্স বা Sizing Handle রয়েছে।
3. Sizing Handle এ কাসফ্লর গানেলে দ্বিমুখী তীর এ পরিণত হবে। এ অবস্থায় ক্লিক করে বাটন না ছেড়ে ভিতরে বা বাইরের দিকে ড্রা* করুন। ভিতরের দিওক ড্রা* করলে টেবিল ছোট হবে এবং বাইরের দিকে ড্রা* করলে টেবিল বড় হবে।

টেবিলকে মুভ করা

টেবিলকে একস্থান থেকে অন্য স্থানে নেবার জন্য ড্রা* করে মুভ করা যায়।

1. টেবিলটি ক্লিক করে সিলেক্ট করুন।
2. লক্ষ্য করুন টেবিলের বামদিকে উপরের কণ্ঠরে একটি প্লাস সাইন রয়েছে।
3. এখানে কাসফ্লর গানেলে চতুর্ভুখী তীর চিহ্ন সহ Move Handle দেখা যাবে। এ অবস্থায় ক্লিক করে বাটন না ছেড়ে টেবিলটি প্রয়োজনমত স্থানে মুভ করে বাটন ছেড়ে দিন।

Text কে ঘোরানো

ফ্রেম বা টেবিলের সেলে বিদ্যমান টেক্সটকে স্বাভাবিক অপেক্ষা ঘুরিয়ে সংযোজন করা যায়। মনে করি বর্তমান ডকুমেন্টে ফ্রেম / টেক্সট সংযোজন করেছেন। যেমন -

এখন এটিকে ঘুরিয়ে প্রদর্শন করতে হলে নিচের কমান্ড প্রয়ো* করুন।




Fig. - 7.6

Steps

১. টেক্সটকে Block বা Select করুন (Textbox হলে Textbox টিকে)
২. টেক্সটকে Block বা Select করার সাথে সাথে Table Tools (Layout) & (Design) নামে দুটো আলাদা রিবন তৈরী হয়েছে।
৩. Layout Ribbon এ ক্লিক করে। অনেক কমান্ড গুচ্ছ পাওয়া যাবে। Text Direction এ ক্লিক করুন। (Layout > Text Direction) Text টি ঘুরে যাবে। আবার ক্লিক করুন আবার ঘুরে যাবে।

Text Direction এর বাম পাশের যে Alignment রয়েছে সেগুলো দিয়ে Text ডানে, বামে, মাঝে, উপরে, নিচে ইত্যাদি বিভিন্ন স্থানে বসানো যায়।

৪. মাঝের Align টি সিলেক্ট করুন। দেখুন Text টি ঘরের মাঝ বরাবর অবস্থান করবে।

Tips : রিবনে Layout বাটন সবসময় দেখা যায় না। যে কোন একটি Column বা Row বা Cell সিলেক্ট করলে বা যে কোন ঘরে কাস্ট্র রাখলে, তখন দেখা যায়।

নতুন Row যোগ করা

টেবিল তৈরী করে ফেলার পর নতুন এক বা একাধিক Row দরকার হতে পারে। নিচের কমান্ডগুলো প্রয়োগ করুন।

১. যে Row র উপরে নতুন Row দরকার সেখানে কাস্ট্র রাখুন। মনে করি, ২য় Row তে কাস্ট্র রাখলেন অথবা সিলেক্ট করুন। বরাবরের মতন Layout রিবন চলে আসবে।

২. Layout রিবনে ক্লিক করুন। অনেক কমান্ড গুচ্ছ পাওয়া যাবে। বামদিকে Insert Above নামক অপশন রয়েছে। এই অপশনে ক্লিক করলে সিলেক্ট করা Row র উপরে নতুন ফাঁকা Row তৈরী হবে।

৩. Insert Above সিলেক্ট করুন। ২ নম্বর Row তে নতুন একটি Row তৈরী হবে এবং আশের ২ নম্বর Row টি এখন ৩ নম্বর Row তে অবস্থান করবে।




Fig. - 7.7

Sl No.	Name	Address
1	Bappi	Dhaka
2	Liton	Khulna
3	Asma	Rajbari

আশের পরে

৪. Layout > Insert Below এ ক্লিক করলে ৩ নম্বর Row তে নতুন একটি Row তৈরী হবে এবং আশের ৩ নম্বর Row টি এখন ৪ নম্বর Row তে অবস্থান করবে।

Sl No.	Name	Address
1	Bappi	Dhaka
2	Liton	Khulna
3	Asma	Rajbari

নতুন Column যোগ করা

একইভাবে টেবিল তৈরী হবার পর মনে হতে পারে নতুন এক বা একাধিক Column দরকার। নিচের কমান্ড লক্ষ্য করুন।

১. যে Column এ নতুন Column তৈরী করতে চান কাস্ট্র সেই Column এ রাখুন। মনে করি ২ নম্বর Column এ কাস্ট্র রাখা হলো।
২. Layout রিবনে ক্লিক করুন। Insert Left এ ক্লিক করুন (Layout > Insert Left)।




Fig. - 7.8

Tips : রিবনে Layout বাটন সবসময় দেখা যায় না। যে কোন একটি Column বা Row বা Cell সিলেক্ট করলে বা যেকোন ঘরে কাস্ফর রাখলে তখন দেখা যায়।

৩. ২ নং Column এ নতুন একটি Column তৈরী হবে এবং ২ নম্বর Column টি ৩ নম্বর Column এ অবস্থান করবে।

Sl No.	Name	Address
1	Bappi	Dhaka
2	Liton	Khulna
3	Asma	Rajbari

আসে* পরে

৪. এছাড়া Layout রিবনে ক্লিক করে Insert Right এ ক্লিক করলে ৩ নম্বর Column দে নতুন একটি Column তৈরী হবে এবং আসে*র ৩ নম্বর Column টি ৪ নম্বর Column তে অবস্থান করবে।

Tips : Row বা Column যো* করার ক্ষেত্রে Row বা Column কে Block করে নিলে সুবিধা হয়। একাধিক Row বা Column এর ক্ষেত্রে নির্দিষ্ট সংখ্যক Row বা Column কে Block করে নিতে হবে।

Cell যো* করা

Row বা Column এ মতই টেবিল তৈরীর পর Cell যো* করার দরকার হতে পারে। নিচের কমান্ড লক্ষ্য করুন।

- যেখানে Cell যো* করতে চান সেই Cell এ কাস্ফর রাখুন (একাধিক Cell এর ক্ষেত্রে নির্দিষ্ট পরিমাণ Cell Block করুন)
- Layout রিবনে ক্লিক করে দেখুন Row & Column কমান্ড প্যানেলের ডায়াল* বক্স লানচার আছে।
টেবিল নিয়ে কাজ করা
- Row & Column কমান্ড প্যানেলের ডায়াল* বক্স লানচারে ক্লিক করে সিলেক্ট করুন। Insert Cell ডায়াল* বক্স আসবে এবং Shift Cells Down সিলেক্ট থাকবে।
- OK করুন। নতুন একটি Cell তৈরী হবে এবং কাস্ফর অবস্থিত Row এর নিচে একটি নতুন Cell দেখা যাবে। অথস্ফর কাস্ফর অবস্থিত Cell এ একটি নতুন Cell যো* হয়েছে এবং অন্যান্য Cell গুলো ১টা করে Row (line) নিচে নেমে আসে*ছে।

Sl No.	Name	Address
1	Bappi	Dhaka
2	Liton	Khulna
3	Asma	Rajbari

৫.

আসে* পরে

Insert Cell ডায়াল* বক্সের অপশন




Fig. - 7.9

Insert Cell Right : কাসক্টর অবস্থিত Row র ডান পাশে অতি রিক্ত Cell যো* হবে।

Shift Cells Down : কাসক্টর অবস্থিত Row এর নিচের দিকে অতি রিক্ত Cell যো* হবে।

Insert Entire Row : কাসক্টর অবস্থিত Row তে একটি নতুন Row যো* হবে।

Insert Entire Column : কাসক্টর অবস্থিত Column এ একটি নতুন Column যো* হবে।

Cell, Row বা Column মুছে ফেলা

টেবিল তৈরী হবার পর কোন Cell বা Row বা Column কে অতি রিক্ত মনে হতে পারে এবং মুছে ফেলার দরকার হতে পারে। নিচের কমান্ড লক্ষ্য করুন।

1. যে Cell মুছতে চান সেই Cell এ, অথবা যে Row বা Column মুছতে চান, সেই Row বা Column এর যে কোন Cell এ কাসক্ট রাখুন।
2. Layout রিবনে ক্লিক করুন। বামদিকে Delete নামক অপশনের ড্রপ ডাউনে ক্লিক করুন।
3. Delete Cells এ ক্লিক করুন। নিচের মতন ডায়াল* বক্স আসবে।
8. যে কোন একটি অপশন সিলেক্ট করে OK করতে হবে।




Fig. - 7.10

Shift Cells Left : সিলেক্ট থাকলে কাসক্টর অবস্থিত Cell টি মুছে যাবে এবং একই Column থেকে প্রতিটি Cell একঘর বামে সরে আসবে।

Shift Cells Down: সিলেক্ট থাকলে কাসক্টর অবস্থিত Cell টি মুছে যাবে এবং একই Column থেকে প্রতিটি Cell এক ঘর উপরে উঠে আসবে।

Delete Entire Row : সিলেক্ট থাকলে কাসক্টর অবস্থিত সম্পূর্ণ Row টি মুছে যাবে।

Delete Entire Column : সিলেক্ট থাকলে কাসক্টর অবস্থিত সম্পূর্ণ Column টি মুছে যাবে।

Column মুছে ফেলতে চাইলে Delete Column, Row মুছে ফেলতে চাইলে Delete Rows, Table মুছে ফেলতে চাইলে Delete Table।

Table এর Cell কে Merge (সংযুক্ত) করা

টেবিল তৈরীর সময় সবেশেষ কতটি Row বা Column দরকার তা আর্শেই নিখস্টরণ করে টেবিল তৈরী করতে হবে। মনে করি একটি টেবিল ৫টি Row এবং ৫টি Column আছে। কিন্তু শেষের Row এবং Column শেষের এর জায়গা অন্যগুলোর তুলনায় দ্বিগুণ। অপর দিকে টেবিলে প্রতিটি Cell এর মাপ একই থাকে।

সুতরাং এক্ষেত্রে মোট এবং ৬টি Row এবং ৬টি Column তৈরী করতে হবে এবং পরে সবেশেষ দুইটি Row কে সিলেক্ট করে সংযুক্ত (Merge) করতে হবে তবে সবেশেষ দুইটি Column কেও সংযুক্ত (Merge) করতে হবে। ইদ্যাতি বিভিন্ন কারণে দুই বা ততোধিক Cell কে Merge করে একটি Cell এ পরিণত করার দরকার হয়। Merge করতে নিচের কমান্ডগুলো ফলো করুন।

Steps

১. যে Cell গুলোকে Merge (সংযুক্ত) করতে চান সেগুলি Block / Select করুন (Mouse ড্রা* করে বা কীবোর্ড থেকে Shift + Arrow কী প্রেস করে)।

২. Layout রিবনে ক্লিক করে Merge Cell সিলেক্ট করুন। (Alt + A, M)

লক্ষ্য করুন সে Cell গুলো Select / Block করা ছিল সেগুলি Merge হয়ে একটি Cell এ পরিণত হয়েছে।

Table এর Cell কে Split (বিভক্ত) করা

অনেক সময় টেবিলের কোন বড় Cell কে বিভক্ত করে একাধিক Cell -এ রূপান্তরিত করার দরকার হয়। ব্যাপারটি Merge এর ঠিক উল্টো। Split করতে নিচের কমান্ডগুলো প্রয়ো* করুন।




Fig. - 7.11

১. যে Cell বা Cell গুলোকে Split করতে চান সেই Cell / Cell কে সিলেক্ট (Block) করুন।
২. এখন Layout রিবনে ক্লিক করে Split Cells এ ক্লিক করুন (Alt + A, Alt + C)। Split Cells ডায়াল* বক্স আসবে। এখন থেকে প্রতিটি Cell কে কয়টি Column এবং কয়টি Row তে বিভক্ত করতে চান সেই সংখ্যা লিখতে হবে। প্রতিটি Cell কে আমরা ৩টি কলামে এবং ২টি Row তে বিভক্ত করবো।
৩. Split Cells বক্সের Number of Column অংশে ৩ টাইপ করুন (অথবা উপধক্ষুখী তীর এ ক্লিক করুন) এবং Number of Row অংশে ২ টাইপ করুন।
৪. শেষে OK করুন বা কীবোর্ড থেকে Enter প্রেস করুন। লক্ষ্য করুন Block করা Cell গুলো ২টি Row এবং ৩টি Column এ বিভক্ত হয়েছে।

রিবন থেকে Selection

টেবিলে কাজ করার সময় প্রায়ই এক বা একাধিক Column, Row বা সম্পূর্ণ টেবিল সিলেক্ট করার দরকার পরে। আমরা জানি মাউসের বাটন ক্লিক করে না ছেড়ে ড্রা* করে অথবা কী বোর্ড থেকে Shift + কী সহযোগে* Block / Select করা যায়, কিন্তু অতি রিস্ত বড় টেবিলের ক্ষেত্রে এই পদ্ধতি সময় সাপেক্ষ। এক্ষেত্রে বিকল্প হিসাবে মেনু কমান্ড ব্যবহৃত হয়।

Steps

1. Layout রিবনে ক্লিক করুন। অনেক কমান্ড গুলুপ পান্তয়া যাবে। সবচেয়ে বাম দিকের কমান্ডটিতে ক্লিক করুন।
 - a. Select Column এ ক্লিক করলে কাসস্ট্র অবস্থিত সম্পূর্ণ Column টি সিলেক্ট হবে।
 2. b. Select Row তে ক্লিক করলে কাসস্ট্র অবস্থিত সম্পূর্ণ Row টি সিলেক্ট হবে।
 - b. Select Table এ ক্লিক করলে সম্পূর্ণ টেবিলটি সিলেক্ট হবে।

টেবিলে Formula ব্যবহার করা

টেবিলে Formula ব্যবহার করে যোগ, বিয়োগ, গুণ, ভাগ, বড় সংখ্যা, ছোট সংখ্যা ইত্যাদি নিশ্চয় করা সম্ভব। একটা বিষয় মনে রাখতে হবে টেবিলে প্রতিটি Row কে 1, 2, 3 এভাবে নামকরণ করা হয় এবং Column কে A, B, C এভাবে নামকরণ করা হয়। সুতরাং প্রথম Row এর প্রথম Cell টির নাম A1 দ্বিতীয় Cell টির নাম B1, তৃতীয় Cell টির নাম C1 ইত্যাদি। আবার দ্বিতীয় Row এর প্রথম Cell টির নাম A2, দ্বিতীয় Cell টির নাম B2, তৃতীয় Cell টির নাম C2 ইত্যাদি। মনে করি নিচের টেক্সটগুলি টাইপ করা হয়েছে। এবার নিচের টেবিলের Total Calculation করতে হবে।

Column অনুসারে Total এর জন্য নিচের কমান্ডগুলো ব্যবহার করুন।




Fig. - 7.12

- যে কলামের Total করতে হবে সেই কলামের Total সেলে অথর্ন্থ উপরোক্ত টেবিলের *** চিহ্নিত যে কোন Cell এ (C5 বা D5 বা E5) কাস্ট্র রাখুন।
- Layout রিবনের সবচেয়ে ডানের কমান্ড Formula দে ক্লিক করুন (Alt + A, O)।
Formula ডায়াল* বক্স আসবে এবং Formula অপশনের নিচের টেক্সট বক্সে = SUM (ABOVE) লেখা দেখা যাবে। যেমন -




Fig. - 7.13

EDIT করা

যদিও Copy এবং Paste কমান্ডের সাথে ইতিমধ্যেই আমাদের হাতে খড়ি হয়েছে তবুও চলুন বিস্তারিত ব্যাখ্যার মাধ্যমে ব্যাপারটি সম্বন্ধে পরিষ্কার ধারণা নেওয়া যাক। MS-Word এ Cut, Copy, Paste, Undo, Redo এবং Select All কমান্ডগুলি বহুল ব্যবহৃত কমান্ড। MS-Word এ লেখা টেক্সট, বা কোন Clipart বা Image বা যে কোন ধরনের ড্রয়িং, টেক্সট বক্স, টেবিল ইত্যাদি একবার আনার পর, বারবার অন্যত্র ব্যবহারের প্রয়োজন হতে পারে। এজন্য Copy এবং Paste কমান্ডের ব্যবহার হয়।

এছাড়া টেক্সট বা কোন অবজেক্টকে একস্থান থেকে অন্যস্থানে বা এক পেজ থেকে অন্য পেজে, বা এক ফাইল থেকে অন্য ফাইলে, এমনকি এক সফটওয়্যার থেকে অন্য সফটওয়্যারে, স্থানান্তর (Move) বা কপি করার দরকার হতে পারে। এক্ষেত্রে Cut, Copy, এবং Paste কমান্ডের ব্যাপক ব্যবহার দরকার পরে, যে কোন মুহূর্তেই কোন কিছু মুছে ফেলে বা কোন ভুল কমান্ড দেওয়ার পরপরই কমান্ডটি বাতিল করার দরকার হতে পারে। এক্ষেত্রে Undo কমান্ডটি ব্যবহৃত হয়। এই সবগুলি কমান্ডই Quick Access টুলবারের মাধ্যমে করা হয়ে থাকে। আবার এই সমস্ত কমান্ডগুলি মাউসের রাইট বাটন থেকে ক্লিক করে প্রয়োগ করা হয়। প্রতিটি রিবন কমান্ড শেষ হবার সাথে সাথে ফাষ্ট ব্রাকেটের মধ্যে কী বোর্ড কমান্ড দেওয়া রয়েছে। এছাড়াও মাউসের সাহায্যে ড্র্যা* করেও কমান্ডগুলি প্রয়োগ করা যায়।

Cut, Copy, Paste, Format printer টুলগুলো Clipboard কমান্ড প্যানেলের অন্তর্ভুক্ত। অপরদিকে Undo ও Redo কমান্ডটি Quick Access টুলবারের অন্তর্ভুক্ত।

Cut করা

Cut করার অর্থ সিলেক্ট করা অবজেক্টকে মুছে ফেলা। যদিও Cut কমান্ডের মাধ্যমে অবজেক্ট মুছে যায় কিন্তু স্থায়ীভাবে না মুছে Windows এর মেমরীতে অবস্থান করে। মেমরী (Clipboard) থেকে আবারও ফেরত আনা যায়। নিচের কমান্ড লক্ষ্য করুন।

Steps

১. মাউস দ্বারা ড্র্যা* করে কিছু Text অথবা মাউস দ্বারা ক্লিক করে Drawing /Picture/ Table ইত্যাদি সিলেক্ট করুন।
২. Clipboard কমান্ড প্যানেলের থেকে কাঁচির চিহ্ন সম্বলিত Cut বাটন ক্লিক করে সিলেক্ট করুন। (Ctrl+X অথবা Alt+E,T)।




Fig. - 8.1

৩. মাউসের Right বাটনে ক্লিক করুন। একটি Pop Up মেনু আসবে। এখান থেকে কাঁচির চিহ্ন সম্বলিত Cut বাটনে ক্লিক করুন। আপনার সিলেক্ট করা অবজেক্ট (টেক্সট/Drawing/Picture ইত্যাদি) Vanish হয়ে যাবে। আসলে এটা Windows এর মেমরীতে অবস্থান করবে।




Fig. - 8.2

Undo করা

এই মাত্র যে অবজেক্টটি মুছে (Cut) ফেলা হলো, ঠিক পর মুহুর্তে মনে হতে পারে মুছে ফেলা ঠিক হয়নি। অতঃপর অবজেক্টটি ফেরত আনা দরকার। অথবা যে কোন কমান্ড প্রয়োগের পর বাতিল করার প্রয়োজন হতে পারে। এজন্য Undo কমান্ড ব্যবহার করা হয়। Word এ একাধিক বার Undo কমান্ড ব্যবহার করা যায়। একটা কথা মনে রাখবেন Undo করার জন্য কী বোর্ড কমান্ড (Ctrl+Z) সবচেয়ে বেশী ব্যবহৃত হয়। অতঃপর কোন ভুল করলে সাথে সাথে (Ctrl+Z) কমান্ড দিন।

নিচের কমান্ডগুলো প্রয়োগ করে দেখুন।

১. যে কোন এক লাইন টেক্সট সিলেক্ট করুন।
২. Front Size টুলের ডানদিকের ড্রপ ডাউন ক্লিক করে Front Size বড় (36 pt) করুন।
৩. Align টুল থেকে Centre Align টুলে ক্লিক করুন।
৪. Bold টুলে (B) ক্লিক করে Bold করুন।
৫. Italic টুলে (I) ক্লিক করে Italic করুন।
৬. Underline টুলে (U) ক্লিক করে Underline করুন।

এডিট করা

৭. শেষে Clipboard কমান্ড গুলোর থেকে Cut সিলেক্ট করুন। আপনার লেখা লাইনটি শেষে অদৃশ্য হয়ে যাবে, এখন Quick Access টুলবারের অঙ্গুষ্ঠভুক্ত Undo করে টেক্সট এবং টেক্সটের Format কে ফেরত আনা যাবে।

৮. Quick Access টুলবারের বাঁকানো টুল অতঃপর Undo টুলে ক্লিক করুন। Cut করা Text টি ফেরত আসবে। বা Ctrl+Z প্রেস করুন।
৯. আবার Undo করুন। (Undo কমান্ড দিয়ে বা Ctrl+Z প্রেস করে) টেক্সটের Underline মুছে যাবে।
১০. আবার Undo করুন, টেক্সটের Italic উঠে যাবে।
১১. আবার Undo করুন, টেক্সটের Bold অংশ নরমাল হবে।
১২. আবার Undo করুন। Centre Align এর পরিবর্তে Left Align হবে। এভাবে Undo করতে থাকলে পূর্বের অবস্থায় ফিরে যাবে, লেখাগুলো Normal সাইজে রাখুন।

Redo করা

যে কোন কমান্ড প্রয়োগের পর মনে হতে পারে ভুল কমান্ড দেওয়া হয়েছে সেক্ষেত্রে Undo করতে থাকলে কমান্ডগুলো বাতিল হতে

থাকে। আবার Undo কমান্ড করে কমান্ডগুলো বাতিল করার পর মনে হতে পারে আন্ডের কমান্ডগুলো ঠিকই ছিল, Undo করা উচিত হয়নি অথচ এখন আবার Undo কমান্ডগুলো বাতিল করতে হবে। এক্ষেত্রে Redo কমান্ড ব্যবহৃত করা হয়।

Steps

আন্ডের কমান্ডের Undo গুলো বাতিল করার জন্য নিচের কমান্ড প্রয়োগ করুন।

১. Quick Access টুলবার থেকে Undo টুলের পরবর্তী টুল Redo টুল অথচ ডানদিকে বাঁকানো টুলে ক্লিক করুন। লেখাটি আবার বড় হবে। (Ctrl+Y) প্রেস করুন।

২. আবার Redo কমান্ড দিন (Ctrl+Y) প্রেস করুন।

লেখাটি Center Align হবে।

৩. আবার Redo কমান্ড দিতে থাকুন এভাবে পর্যায়ক্রমে Bold, Italic, Underline, Cut ইত্যাদি হবে।

List ব্যবহারে Undo বা Redo

Undo বা Redo কমান্ডের ক্ষেত্রে সাধারণত পূর্বে কমান্ডটি বাতিল হয়। এভাবে এক এক করে পূর্বে কমান্ড বাতিল হতে থাকে। যদি কখনও মনে হয় পূর্বে একাধিক কমান্ড বা Undo কে বাতিল করতে হবে সেক্ষেত্রে লিষ্ট ব্যবহার করতে হবে।

১. Undo / Redo করার জন্য Quick Access টুলবারের বামদিকে বাঁকানো তীর চিহ্নসহ টুল অথচ Undo টুলের ডানদিকের ডাউন অ্যারোতে ক্লিক করুন।

২. List থেকে প্রয়োজনীয় Action বেছে নিন।

Repeat কমান্ড

সাধারণত Word এ প্রথমে টেক্সট টাইপ করার সময় একটানা প্রচুর পৃষ্ঠা টাইপ করা হয়। পরে বিভিন্ন লাইন বা প্যারাগ্রাফের Formatting করা হয় এবং একই ধরনের Formatting অন্য লাইনে করার জন্য Repeat কমান্ড ব্যবহৃত হয়। নিচের কমান্ড প্রয়োগ করুন।

১. কয়েকটি প্যারাগ্রাফে ভা* করে অনেক লাইন টেক্সট লিখুন।

২. প্রথম লাইনের দুই দিনটি Word সিলেক্ট করুন।

৩. Home Ribbon থেকে Font কমান্ড গুপের ডায়াল* বক্স লানচারে ক্লিক করে Font ডায়াল* বক্স আনুন।

৪. Font ডায়াল* বক্স আসলে Font এর সাইজ বড় করুন, Color পরিবর্তন করুন, Bold করুন, Underline দিন ইত্যাদি বিভিন্ন ধরনের Format পরিবর্তন করে OK করুন।

সিলেক্ট করা টেক্সটের পরিবর্তন হবে। এখন অন্য টেক্সটে আমরা এই Format ব্যবহার করবো।

৫. অন্য প্যারাগ্রাফের বা অন্য যে কোন লাইনের দুই/তিনটি Word সিলেক্ট করুন।

৬. Quick Access টুলবারের Repeat Font formatting সিলেক্ট করুন। অথবা কী বোর্ড থেকে Ctrl+Y প্রেস করুন।

নতুন সিলেক্ট করা টেক্সট, পূর্বে টেক্সটের মত Format হবে। এভাবে যে কোন টেক্সট সিলেক্ট করে (Quick Access টুলবার > Repeat Font formatting বা Ctrl+Y) কমান্ড প্রয়োগ করতে থাকুন।

Cut & Paste (Move) করা

কোন অবজেক্ট একস্থান থেকে মুছে ফেলে (Cut করে) অন্যস্থানে স্থাপন বা স্থানান্তর করার জন্য Cut এবং Paste কমান্ডের প্রয়োজন হয়। এক্ষেত্রে মোট দুটি কমান্ড ব্যবহৃত হয়। Cut এবং Paste, Cut করার অর্থ হলো সিলেক্ট করা অবজেক্ট (টেক্সট, টেবিল, Picture, Clipart, Textbox ইত্যাদি) কে বাদ দেওয়া এবং Paste এর অর্থ হলো ঐ অবজেক্টকে অন্য স্থানে জোড়া দেওয়া। ফাইলের একস্থান থেকে ডকুমেন্টকে Cut করে অন্যস্থানে বা অন্য ফাইলে, এমনকি অন্য সফটওয়্যার (Excel, Illustrator) Paste করা যায়। নিচের কমান্ডগুলো প্রয়োগ করুন।

১. মাউস দিয়ে ড্র* বা ক্লিক করে প্রয়োজনীয় অবজেক্ট (টেক্সট, Drawing, Picture ইত্যাদি) সিলেক্ট করুন।

২. Clipboard কমান্ড গুপ থেকে কাঁচির চিহ্ন সম্বলিত Cut বাটন এ ক্লিক করুন।

অথবা মাউসের Right বাটনে ক্লিক করে কাঁচির চিহ্ন সম্বলিত Cut বাটনে ক্লিক করুন। আপনার সিলেক্ট করা অংশ Vanish হয়ে যাবে। অথচ এটি Windows এর মেমরীতে অবস্থান করবে।

৩. অন্য কোন স্থানে Move করতে চান কাস্টম ক্লিক করে সেখানে স্থাপন করুন। File> New কমান্ড দিয়ে অন্য ফাইল খুলে নিতে পারেন অথবা অন্য কোন Software যেমন Excel শুরু করতে পারেন।

৪. Clipboard কমান্ড গুপ থেকে Paste সিলেক্ট করুন। (Ctrl+V বা Alt+E, P) অথবা মাউসের Right বাটন থেকে Paste বাটনে ক্লিক করুন। Vanish হয়ে যাওয়া অংশ আবার ফিরে আসবে। আবার Paste কমান্ড দিলে আবার একটি কপি ফিরে আসবে এভাবে একাধিক বার Paste কমান্ড দিতে পারেন। যদিও Cut কমান্ড একবারই দিতে হবে।

Copy & Paste

কোন অবজেক্টের নকল বা প্রতিলিপি যথাস্থানে রেখে অন্য স্থানে আরও একটি অবজেক্ট তৈরী হচ্ছে কপি। অথচ প্রয়োজনে একই

অবজেক্ট টেক্সট, Drawing, Picture ইত্যাদি ফাইলে বারবার দরকার হতে পারে। অথবা একই অবজেক্ট বিভিন্ন ফাইলে বা বিভিন্ন সফটওয়্যারে বারবার দরকার হতে পারে।

মনে করুন একটা ফাইলে অবস্থিতি Logo বা কোম্পানীর নামসহ প্যাডের হেডিং বা চিঠির নিচের দিকের ঠিকানা বিভিন্ন ফাইলে বা সফটওয়্যারে বারবার দরকার হতে পারে। সেক্ষেত্রে Copy ও Past কমান্ড ব্যবহার করা হয়। অতীতকালে বিভিন্ন Text লিখে বারবার Formatting না করে অনুলিপি ব্যবহার করা হয়।

মনে করুন একবার একটা বায়োডাটা তৈরী করা হলো। পরে অন্য একজনের বায়োডাটা তৈরীর সময় আশে-পাশে তৈরী করে রাখা বায়োডাটাটি কপি করে তার সমস্ত Format ঠিক রাখা হয়- শুধুমাত্র পরিবর্তন যোগ্য ডাটা, যেমন - নাম, ঠিকানা ইত্যাদি পরিবর্তন করা হয়। নিচের কমান্ডগুলো প্রয়োগ করুন।

১. মাউস দিয়ে ড্রাগ বা ক্লিক করে প্রয়োজনীয় অবজেক্ট (টেক্সট, Drawing, Picture ইত্যাদি) সিলেক্ট করুন।
২. Clipboard কমান্ড গুচ্ছ থেকে Copy সিলেক্ট করুন। (Ctrl+C Alt+E,C) অথবা, মাউসের Right ব্যাটন থেকে Copy বাটনে ক্লিক করুন। Cut কমান্ডের মত সিলেক্ট করা অংশ Vanish না হয়ে, আশে-পাশের স্থানেই থাকবে। কিন্তু একটি কপি Windows এর মেমরীতে অবস্থান করবে।




Fig. - 8.3

৩. অন্য যে স্থানে কোন কপি করতে চান কাস্টমারকে ক্লিক করে সেখানে স্থাপন করুন। (File> New কমান্ড দিয়ে অন্য ফাইল খুলতে পারেন অথবা অন্য কোন Software যেমন Excel শুরু করতে পারেন।) এখন Paste করতে হবে।

৪. Clipboard কমান্ড গুচ্ছ থেকে Copy সিলেক্ট করুন। (Edit>Paste বা Ctrl+V বা Alt + E, P) অথবা, মাউসের Right ব্যাটন থেকে Paste বাটনে ক্লিক করুন। সিলেক্ট করা অংশের একটি কপি নতুন জায়গায় দেখা যাবে। আবারও Paste কমান্ড দিলে আবারও একটি কপি ফিরে আসবে এভাবে একাধিক বার Paste করা যাবে।

Paste অপশন

Cut বা Copy কমান্ডের পর Paste কমান্ড দিলে, কমান্ড দেওয়ার সাথে সাথে কাস্টমারের সাথে অপশন বাটন আসে। এই বাটনে ক্লিক করলে নিচের অপশন আসবে।




Fig. - 8.4

Keep Sources Formatting - এ ক্লিক করলে সিলেক্ট করা অংশ ছব্ব আসবে।

Merge Formatting - সিলেক্ট করলে লেখা Paste করা স্থানের Formatting এর সাথে মিলে যাবে।

Keep Text Only - সিলেক্ট করলে Format বাদে সিলেক্ট করা অংশের শুধুমাত্র Text আসবে।

এডিট করা

ড্রা* করে Copy বা Move

সিলেক্ট করা অবস্থায় কী বোর্ড থেকে Ctrl কী প্রেস করলে মাউস পয়েন্টার প্লাস সাইন (+) ধারণ করবে এ অবস্থায় ড্রা* করে অন্য স্থানে মাউস পয়েন্টার এনে বাটন ছেটে দিলে সিলেক্ট করা অংশ কপি হবে।

Text এর Formatting মুছে ফেলা

Backspace বা Delete কী ব্যবহার করে টেক্সটকে মুছে ফেলার প্রক্রিয়া আর্*ই বর্ণনা করা হয়েছে। Ribbon থেকে Text এর Formatting ত্র মুছে ফেলা যায়। নিচের কমান্ডগুলো প্রয়োগ করুন।

1. মাউস দিয়ে ড্রা* বা ক্লিক করে প্রয়োজনীয় অবজেক্ট সিলেক্ট করুন।
2. সিলেক্টকৃত টেক্সটকে Size বড় Color পরিবর্তন, Underline পরিবর্তন, ইত্যাদি পরিবর্তন করুন।
3. Home Ribbon থেকে Font কমান্ড প্যানেলের Clear Formatting অপশনে ক্লিক করুন।

টেক্সটের সমস্ত Formatting নষ্ট হয়ে যাবে অথবা Vanish হয়ে যাবে। নরমাল টেক্সট থাকবে।

অথবা , কী বোর্ড থেকে Delete বা Backspace কী প্রেস করুন।

8. সিলেক্ট করা অংশ Vanish হয়ে যাবে। অবশ্যই Undo (Ctrl+Z) কমান্ডের মাধ্যমে মুছে ফেলা অংশ আবারও ফেরত আনা যাবে।

Border এবং Shading

MS-Word এ লেখা কোন টেক্সট, টেবিল, Drawing, Picture বা Text বক্সের চারপাশ দিয়ে বিভিন্ন ধরনের বর্ডার দেওয়া যায়। টেবিলের ক্ষেত্রে চারপাশের বর্ডার এবং ভিতরের বর্ডার আলাদা Style এ দেওয়া যায়।

এছাড়া টেক্সট, টেক্সট বক্স বা টেবিলের নিদিক্ষিত, Cell, Row, Column বা সম্পূর্ণ টেবিলের টেক্সটের Shadow বা হালকা কালার দিয়ে পূর্ণ করা যায়।




Fig. - 9.1

Border দেওয়া

চারপাশের বর্ডার দেওয়ার জন্য নিম্নোক্ত কমান্ড প্রয়োগ করুন।

১. মাউস দ্বারা ড্রা* বা ক্লিক করে প্রয়োজনীয় টেক্সট বা টেক্সট বক্স, Picture, টেবিল, Drawing সিলেক্ট করুন। Home ট্যাবের Paragraph কমান্ড গ্রুপের শেষ অপশন Border and Shading ড্রপ ডাউনে ক্লিক করুন।

অনেক ধরনের Border অপশন আসবে। যেমন Bottom Border, Top Border, Left Border, Outside Border, All Borders ইত্যাদি। এখান থেকে আপনি আপনার প্রয়োজনীয় Border দিতে পারেন।




Fig. - 9.2

বড্ডার এবং শেডিং

Outside Border টি সিলেক্ট করুন। আপনার সিলেক্ট করা প্রয়োজনীয় টেক্সট বা টেক্সট বক্স Picture টেবিল, Drawing এর চারপাশ জুড়ে Border সংযুক্ত হবে।

আবার Paragraph কমান্ড বক্সের শেষ কমান্ডের ড্রপ ডাউনের শেষ অপশন Border and Shading এ ক্লিক করুন।

Border and Shading ডায়াল* বক্স পাবেন। ডায়াল* বক্সের উপরের দিকে Border, Page Border, Shading নামের অপশন থাকবে এদের প্রত্যেকটিকে ট্যাব বলে।




Fig. - 9.3

২. Border ট্যাব সিলেক্ট আছে নিশ্চিত হয়ে নিন। প্রথম অপশন Setting এর নিচের ৫টি অপশন রয়েছে।
 - None সিলেক্ট করলে কোন বড্ডার থাকবে না।
 - Box সিলেক্ট করলে চারিদিকের বড্ডার তৈরী হবে।
 - Shadow সিলেক্ট করলে বড্ডারের ডানে ত্রু নিচে আলাদা Shadow (ছায়া) আসবে।
 - 3D সিলেক্ট করলে 3D ইফেক্ট আসবে।
 - Custom সিলেক্ট করলে বড্ডারের ধরন নিজের ইচ্ছামত করা যাবে।
 একে একে প্রত্যেকটিতে ক্লিক করে সিলেক্ট করলে ডানদিকের Preview অপশনে পরিবর্তন দেখা যাবে।
৩. Setting এর দ্বিতীয় অপশন অর্থাৎ Box সিলেক্ট করুন।




Fig. - 9.4

৪. মাঝের কলামের Style অপশনের ডাউন অ্যারোতে ক্লিক করলে আরম্ভ বিভিন্ন ধরনের অপশন আসবে এখান থেকে পছন্দমত একটি নিবন্ধন করুন।




Fig. - 9.5

৫. Color বক্সের ডাউন অ্যারোতে ক্লিক করুন। বিভিন্ন ধরনের কালার আসবে এখান থেকে *ট কোন কালার সিলেক্ট করুন। বড্ডটার এবং শেডিং

৬. Width অপশনের ডাউন অ্যারোতে ক্লিক করুন। বড্ডটার চিকন/মোটা করার জন্য বিভিন্ন ধরনের অপশন আসবে। এখান থেকে 3pt সিলেক্ট করুন।

৭. সবশেষে OK বাটনে ক্লিক করুন। আপনার সিলেক্ট করা অবজেক্টের চারপাশে বড্ডটার সংযুক্ত হবে।




Fig. - 9.6

বড্ডটারের অপশন

বড্ডটার কে যে শুধুমাত্র চারদিকে দেওয়া যাবে এমন নয় যেমন শুধুমাত্র উপর বা নিচ ডান বা বাম দিকে দেওয়া যাবে এছাড়া টেবিলের ক্ষেত্রে চারপাশে এক রকম ভিতরের রেখাগুলি অথবন্ধ গাঞ্জীডকে আলাদা Style এ দেওয়া যেতে পারে।

Steps

১. যে কোন ছোট একটি টেবিল সিলেক্ট করুন।
২. Home Ribbon এর paragraph কমান্ডপ্যানেলের শেষ কমান্ডের থেকে Border and Shading সিলেক্ট করুন এবং Border and

